# ৫০০টি রাষ্ট্রবিজ্ঞান প্রশ্ন-উত্তর

## সংজ্ঞা, প্রকৃতি, বিষয়বস্তু এবং সামাজিক সক্রিয়তা হিসাবে রাজনীতি

❑ রাষ্ট্রবিজ্ঞানের জনক কাকে বলা হয়?
উত্তর: অ্যারিস্টটল কে রাষ্ট্রবিজ্ঞানের জনক বলা হয়।

❑ কত খ্রিস্টাব্দে রাষ্ট্রবিজ্ঞান শব্দটির প্রথম প্রয়োগ ঘটে?
উত্তর: ১৭০১ খ্রিস্টাব্দে রাষ্ট্রবিজ্ঞান শব্দটির প্রথম প্রয়োগ ঘটে।

❑ রাষ্ট্রবিজ্ঞানকে কোন শাস্ত্রের সঙ্গে তুলনা করা যায়?
উত্তর: রাষ্ট্রবিজ্ঞানকে 'আবহবিদ্যার' সঙ্গে তুলনা করা যায়।

❑ আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক কাকে বলা হয়?
উত্তর: মেকিয়াভেলি- কে আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক বলা হয়।

❑ 'রিপাবলিক' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: রিপাবলিক গ্রন্থের রচয়িতা হলেন প্লেটো।

❑ রাষ্ট্রবিজ্ঞান কীরূপ বিজ্ঞান?
উত্তর: রাষ্ট্রবিজ্ঞান হল অন্যতম সামাজিক বিজ্ঞান।

❑ রাষ্ট্রবিজ্ঞান কি মূল্যমান- নিরপেক্ষ?
উত্তর: রাষ্ট্রবিজ্ঞান মূল্যমান- নিরপেক্ষ নয়।

❑ কে রাষ্ট্রবিজ্ঞানকে শ্রেষ্ঠ বিজ্ঞান বলেছেন?
উত্তর: বিখ্যাত গ্রিক দার্শনিক অ্যারিস্টটল রাষ্ট্রবিজ্ঞানকে শ্রেষ্ঠ বিজ্ঞান বলেছেন।

❑ 'ওয়েলথ অফ নেশনস্' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'ওয়েলথ অফ নেশনস্' গ্রন্থটির রচয়িতা হলেন অ্যাডাম স্মিথ।

❑ 'মানুষ রাজনৈতিক জীব' এ কথা কে বলেছেন ?
উত্তর: 'মানুষ রাজনৈতিক জীব' -একথা বলেছেন বিখ্যাত গ্রিক দার্শনিক অ্যারিস্টটল ।

❑ 'রাষ্ট্রবিজ্ঞানের শুরু ও শেষ রাষ্ট্রকে নিয়ে'-কে বলেছেন?
উত্তর: 'রাষ্ট্রবিজ্ঞানের শুরু ও শেষ রাষ্ট্রকে নিয়ে' -বলেছেন অধ্যাপক গার্নার।

❑ 'অর্থশাস্ত্র' গ্রন্থটি রচয়িতা কে ?
উত্তর: 'অর্থশাস্ত্র'গ্রন্থটি রচয়িতা হলেন কৌটিল্য।

❑ রাষ্ট্রবিজ্ঞান ও নীতিশাস্ত্রকে সর্বপ্রথম কে স্বতন্ত্র শাস্ত্র বলে চিহ্নিত করেন?
উত্তর: রাষ্ট্রবিজ্ঞান ও নীতিশাস্ত্রকে সর্বপ্রথম স্বতন্ত্র শাস্ত্র বলে চিহ্নিত করেন মেকিয়াভেলি।

❑ 'রাষ্ট্রবিজ্ঞান ব্যতীত ইতিহাস আলোচনা নিষ্ফল এবং ইতিহাস ব্যতীত রাষ্ট্রবিজ্ঞান ভিত্তিহীন' -কে বলেছেন?
উত্তর: অধ্যাপক জন সিলি বলেছেন, 'রাষ্ট্রবিজ্ঞান ব্যতীত ইতিহাস আলোচনা নিষ্ফল এবং ইতিহাস ব্যতীত রাষ্ট্রবিজ্ঞান ভিত্তিহীন'।

❑ 'যখন আমি কোনো পরীক্ষায় এমন প্রশ্নপত্র দেখি যার শিরোনাম রাষ্ট্রবিজ্ঞান, তখন আমার দুঃখ হয় শিরোনামটির জন্য, প্রশ্নগুলির জন্য নয়' -কে বলেছেন?
উত্তর: অধ্যাপক মেটল্যা বলেছেন

❑ 'পজিটিভ ফিলোজফি' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'পজিটিভ ফিলোজফি' গ্রন্থটির রচয়িতা হলেন অধ্যাপক কোৎ (Comte)।

❑ কে সর্বপ্রথম অর্থশাস্ত্রকে পৃথক শাস্ত্রের মর্যাদা দেন?
উত্তর: অ্যাডাম স্মিথ সর্বপ্রথম অর্থশাস্ত্রকে পৃথক শাস্ত্রের মর্যাদা দেন।

❑রাষ্ট্রবিজ্ঞানের ব্যবহারিক দিক কোনটি?
উত্তর: রাজনীতি হলো রাষ্ট্রবিজ্ঞানের ব্যবহারিক দিক।

❑রাষ্ট্রবিজ্ঞানের তত্ত্বগত দিক কোনটি?
উত্তর: রাষ্ট্রদর্শন হলো রাষ্ট্রবিজ্ঞানের তত্ত্বগত দিক।

❑রাষ্ট্রবিজ্ঞানের সঙ্গে ইতিহাসের কিরূপ সম্পর্ক?
উত্তর: রাষ্ট্রবিজ্ঞানের সঙ্গে ইতিহাসের গভীর সম্পর্ক।

❑রাজনীতির তত্ত্বগত আলোচনা শুরু হয় কত বছর আগে?
উত্তর: রাজনীতির তত্ত্বগত আলোচনা শুরু হয় আড়াই হাজার বছর আগে।

❑ 'মডার্ন পলিটিক্যাল অ্যানালিসিস' ('Modern Political Analysis') গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'মডার্ন পলিটিক্যাল অ্যানালিসিস' ('Modern Political Analysis') গ্রন্থটির রচয়িতা হলেন রবার্ট ডাল।

❑কারা রাষ্ট্রকে এক শাশ্বত প্রতিষ্ঠান হিসেবে গণ্য করেন?
উত্তর: উদারনীতিবাদী দার্শনিকরা রাষ্ট্রকে এক শাশ্বত প্রতিষ্ঠান হিসাবে গণ্য করেন।

❑ 'রাষ্ট্রবিজ্ঞান' হল একটি প্রগতিশীল বিজ্ঞান'- কে বলেছেন?
উত্তর: 'রাষ্ট্রবিজ্ঞান হল একটি প্রগতিশীল বিজ্ঞান'- বলেছেন অধ্যাপক লর্ড ব্রাইস।

❑অ্যারিস্টটল কোথাকার দার্শনিক?
উত্তর: অ্যারিস্টটল গ্রিক দার্শনিক।

❑ 'রাষ্ট্রের উদ্দেশ্য হল, জীবনকে সুন্দর ও মঙ্গলময় করে তোলা'- কে বলেছেন?
উত্তর: 'রাষ্ট্রের উদ্দেশ্য হল, মানুষের জীবনকে সুন্দর ও মঙ্গলময় করে তোলা'- বলেছেন বিখ্যাত গ্রিক দার্শনিক অ্যারিস্টটল।

❑রাষ্ট্রকেন্দ্রিক রাজনীতির প্রথম প্রবক্তা কে?
উত্তর: রাষ্ট্রকেন্দ্রিক রাজনীতির প্রথম প্রবক্তা হলেন গ্রিক দার্শনিক অ্যারিস্টটল।

❑ 'রাষ্ট্রবিজ্ঞানীকে সমাজবিজ্ঞানী এবং সমাজবিজ্ঞানীকে রাষ্ট্রবিজ্ঞানী হতে হবে' কে বলেছেন?
উত্তর: 'রাষ্ট্রবিজ্ঞানীকে সমাজবিজ্ঞানী এবং সমাজবিজ্ঞানীকে রাষ্ট্রবিজ্ঞানী হতে হবে' বলেছেন অধ্যাপক গার্নার।

❑ 'ইতিহাস রাষ্ট্রবিজ্ঞানের গভীরতা যোগান দেয়' কে বলেছেন?
উত্তর: 'ইতিহাস রাষ্ট্রবিজ্ঞানের গভীরতা যোগান দেয়'- বলেছেন উইলোবি।

❑ 'দ্য পলিটিক্যাল ম্যান' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'দ্য পলিটিক্যাল ম্যান' গ্রন্থটির রচয়িতা হলেন লিপস্টে।

❑ 'ইতিহাস হল অতীত রাজনীতি এবং রাজনীতি হল বর্তমান ইতিহাস'- কে বলেছেন?
উত্তর: 'ইতিহাস হল অতীত রাজনীতি এবং রাজনীতি হল বর্তমান ইতিহাস'- বলেছেন ফ্রিম্যান।

❑রাষ্ট্রবিজ্ঞানকে 'মূল্যের কর্তৃত্বসম্পন্ন বরাদ্দের পাঠ'- কে বলেছেন?
উত্তর: ডেভিড ইস্টন রাষ্ট্রবিজ্ঞানকে 'মূল্যের কর্তৃত্ব সম্পন্ন বরাদ্দের পাঠ বলেছেন।

❑দুজন আচরনবাদী রাষ্ট্রবিজ্ঞানীর নাম লেখ।
উত্তর: দুজন আচরনবাদী রাষ্ট্রবিজ্ঞানীর নাম হল আর্থার বেন্টলি এবং গ্রহাম ওয়ালাস।

❑ 'পলিটিক্স' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: 'পলিটিক্স' গ্রন্থের রচয়িতা হলেন বিখ্যাত গ্রিক দার্শনিক অ্যারিস্টটল।

❑ 'সঠিক নামকরণের সমস্যা নিয়ে অন্যান্য সামাজিক বিজ্ঞানের তুলনায় রাষ্ট্রবিজ্ঞান অধিক বিব্রত'- কে বলেছেন?
উত্তর: জেলিনেক (Jelinek)।

❑উদারনীতিবাদের জনক কাকে বলা হয়?
উত্তর: অধ্যাপক জন লক হলেন উদারনীতিবাদের জনক।

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑ইংরেজি 'পলিটিক্স' শব্দটি কোন শব্দ থেকে এসেছে?
উত্তর: ইংরেজি 'পলিটিক্স' শব্দটি গ্রিক শব্দ পোলিস (Polis) এসেছে।

❑ 'Modern Politics and Government' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'Modern Politics and Government' গ্রন্থটি রচনা করেন এলান বল (Alan Ball)।

❑কত খ্রিস্টাব্দে সর্বপ্রথম 'রাষ্ট্রবিজ্ঞান' কথাটি আধুনিক অর্থে ব্যবহৃত হয়?
উত্তর: ১৮৯০ খ্রিস্টাব্দে 'আমেরিকান বিশ্ববিদ্যালয় গ্রন্থতালিকা'- তে সর্বপ্রথম 'রাষ্ট্রবিজ্ঞান' কথাটি আধুনিক অর্থে ব্যবহার করা হয়।

❑কত খ্রিস্টাব্দে রাশিয়াতে সমাজতান্ত্রিক বিপ্লব হয়েছিল?
উত্তর: ১৯১৭ খ্রিস্টাব্দে রাশিয়াতে সমাজতান্ত্রিক বিপ্লব হয়েছিল।

## রাষ্ট্র ও রাষ্ট্রের উৎপত্তি

❑ত্রিপুরা কি একটি সার্বভৌম রাষ্ট্র?
উত্তর: না। ত্রিপুরা একটি সার্বভৌম রাষ্ট্র নয়।

❑কে বলেছেন 'নির্দিষ্ট ভূখন্ড রাষ্ট্রের আবিশ্যিক উপাদান নয়'?
উত্তর: সিলি বলেছেন 'নির্দিষ্ট ভূখন্ড রাষ্ট্রের আবিশ্যিক উপাদান নয়'।

❑ 'আধুনিক সামাজিক সৌধের শীর্ষবিন্দু হল রাষ্ট্র'- কে একথা বলেছেন?
উত্তর: 'আধুনিক সামাজিক সৌধের শীর্ষবিন্দু হল রাষ্ট্র'- একথা বলেছেন অধ্যাপক হ্যারল্ড লাস্কি।

❑রাষ্ট্রের কি কেবলমাত্র অভ্যন্তরীণ সার্বভৌমিকতা আছে?
উত্তর: না। রাষ্ট্রের অভ্যন্তরীণ ও বাহ্যিক উভয় প্রকার সার্বভৌমিকতা আছে।

❑ 'রাষ্ট্র শ্রেণিশাসনের যন্ত্র মাত্র'- কার উক্তি?
উত্তর: 'রাষ্ট্র' শ্রেণিশাসনের যন্ত্র মাত্র'- উক্তিটি হলো কাল মার্কসের।

❑একজন ব্যক্তি একই সঙ্গে কয়টি রাষ্ট্রের সদস্য হতে পারেন?
উত্তর: একজন ব্যক্তি একই সঙ্গে একটি মাত্র রাষ্ট্রের সদস্য হতে পারেন।

❑রাষ্ট্র কিরূপ ধারণা?
উত্তর: রাষ্ট্র একটি বিমূর্ত ধারণা।

❑সর্বপ্রথম বৃহদায়তন রাষ্ট্রের কথা বলেছেন কারা?
উত্তর: টিউটনেরা সর্বপ্রথম বৃহদায়তন রাষ্ট্রের কথা বলেছেন।
'আমিই রাষ্ট্র'- কে বলেছিলেন?
উত্তর: চতুর্দশ লুই বলেছিলেন, 'আমিই রাষ্ট্র'।

❑সম্মিলিত জাতিপুঞ্জ কি একটি রাষ্ট্র?
উত্তর: না । সম্মিলিত জাতিপুঞ্জ হল একটি রাষ্ট্র সমবায়।

❑হবস এর মতে প্রাকৃতিক অবস্থা কিরূপ ছিল?
উত্তর: হবস এর মতে প্রাকৃতিক অবস্থা ছিল প্রাক্- সামাজিক।

❑পাশবিক বলই রাষ্ট্রের ভিত্তি , কোন্ মতবাদে একথা বলা আছে?
উত্তর: বলপ্রয়োগ মতবাদে বলা আছে, পাশবিক বলি রাষ্ট্রের ভিত্তি।

❑ 'শক্তি নয়, জনগণের ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি' কে বলেছেন?
উত্তর: 'শক্তি নয়, জনগণের ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি'- একথা বলেছেন গ্রিন।

❑হবস ও লকের মতবাদের মধ্যে সমন্বয়সাধন করেছেন কে?
উত্তর: হবস ও লকের মতবাদের মধ্যে সমন্বয় সাধন করেছেন রুশো।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑ 'ভাগ্যবান যোদ্ধাই প্রথম রাজপথ অলংকৃত করে'- কার উক্তি?
উত্তর: 'ভাগ্যবান যোদ্ধাই প্রথম রাজপথ অলংকৃত করে' একথা বলেছেন ভল্টেয়ার।

❑ 'লেভিয়াথান' গ্রন্থের প্রণেতা কে?
উত্তর: 'লেভিয়াথান' গ্রন্থের প্রণেতা হলেন হবস।

❑রাষ্ট্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য কী?
উত্তর: সার্বভৌমিকতা হলো রাষ্ট্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য।

❑ 'জনগণের বাণীই ঈশ্বরের বাণী' কে বলেছেন?
উত্তর: 'জনগণের বাণীই ঈশ্বরের বাণী' বলেছেন রুশো।

'সামাজিক চুক্তি' মতবাদে দুটি চুক্তির কথা বলেছেন কে?
উত্তর: 'সামাজিক চুক্তি' মতবাদে দুটি চুক্তির কথা বলেছেন জন লক।

❑হবস কীরূপ রাজতন্ত্রের সমর্থক ছিলেন?
উত্তর: হবস স্বৈরাচারী রাজতন্ত্রের সমর্থক ছিলেন।

❑হবস এর মতে প্রকৃতির রাজ্য কিরূপ ছিল?
উত্তর: হবসের মতে প্রকৃতির রাজ্য ছিল দুর্বিষহ।

❑ 'সামাজিক চুক্তি' গ্রন্থটির প্রণেতা কে?
উত্তর: 'সামাজিক চুক্তি' গ্রন্থটির প্রণেতা হলেন রুশো।

❑কার মতে - আদিম মনুষ্য সম্প্রদায় নিজেদের মধ্যে চুক্তি করে তাদের সমস্ত ক্ষমতা কোন একজন ব্যক্তি বা ব্যক্তিসংসদের হাতে অর্পণ করেছিল?
উত্তর: হবসের মতে

❑কার মতে প্রকৃতির রাজ্য ছিল মর্ত্যের স্বর্গ?
উত্তর: রুশোর মতে প্রকৃতির রাজ্য ছিল মর্ত্যের স্বর্গ।

❑ 'সাধারণ ইচ্ছা' ধারণাটির প্রবক্তা কে?
উত্তর: সাধারণ ইচ্ছা ধারণাটির প্রবক্তা হলেন রুশো।

❑রাষ্ট্রের মস্তিষ্ক কাকে বলা হয়?
উত্তর: সরকারকে রাষ্ট্রের মস্তিস্ক বলা হয়।

❑পৃথিবীর সর্বাপেক্ষা কম জনসংখ্যার দেশটির নাম কি?
উত্তর: ভ্যাটিকান সিটি হল পৃথিবীর সর্বাপেক্ষা কম জনসংখ্যার দেশ।

❑ 'চুক্তির দ্বারা জনগণ তাদের সমস্ত ক্ষমতা রাজার হাতে অর্পণ করেছিল' উক্তিটি কার?
উত্তর: 'চুক্তির দ্বারা জনগণ তাদের সমস্ত ক্ষমতা রাজার হাতে অর্পণ করেছিল'- এ কথা বলেছেন জন লক।

❑কত খ্রিস্টাব্দে ইংল্যান্ডে গৌরবময় বিপ্লব শুরু হয়?
উত্তর: 1688 খ্রিস্টাব্দে ইংল্যান্ডে গৌরবময় বিপ্লব শুরু হয়।

❑ 'টু ট্রিটিজ অন সিভিল গভর্মেন্ট' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'টু ট্রিটিজ অন সিভিল গভর্মেন্ট' গ্রন্থটির রচয়িতা হলেন জন লক।

❑ 'চুক্তির ধারা তাদের সমস্ত ক্ষমতা অর্পণ করেছিল সাধারণ ইচ্ছার হাতে' উক্তিটি কার?
উত্তর: চুক্তির ধারা তাদের সমস্ত ক্ষমতা অর্পণ করেছিল সাধারণ ইচ্ছার হাতে' – একথা বলেছেন রুশো।

❑গৌরবময় বিপ্লব এর তাত্ত্বিক প্রবক্তা কে?
উত্তর: গৌরবময় বিপ্লব এর তাত্ত্বিক প্রবক্তা হলেন জন লক।

❑মার্কসবাদীরা রাষ্ট্রকে কিরূপ প্রতিষ্ঠান বলে মনে করেন?
উত্তর: মার্কসবাদীরা রাষ্ট্রকে একটি অস্থায়ী প্রতিষ্ঠান বলে মনে করেন।

❑পৃথিবীর সর্বাপেক্ষা বেশি জনসংখ্যা দেশটির নাম কি?
উত্তর: গণপ্রজাতন্ত্রী চিন হল পৃথিবীর সর্বাপেক্ষা বেশি জনসংখ্যা দেশ।

❑রাষ্ট্রের উৎপত্তি সম্বন্ধে সনাতন মতবাদগুলির মধ্যে কোন মতবাদটি শ্রেষ্ঠ?


Download From: **www.swapno.in** Facebook Page: **PDF World**

উত্তর: রাষ্ট্রের উৎপত্তি সম্বন্ধে সনাতন মতবাদগুলির মধ্যে ঐতিহাসিক মতবাদটি শ্রেষ্ঠ।

❑ 'লেকচাস অন  জুরিসপ্রুডেন্স' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: 'লেকচাস অন  জুরিসপ্রুডেন্স' গ্রন্থটির রচয়িতা  হলেন জন অস্টিন।

❑রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে ঐশ্বরিক মতবাদটি  কিরূপ মতবাদ?
উত্তর: রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে ঐশ্বরিক মতবাদটি একটি অবৈজ্ঞানিক মতবাদ।

❑ 'রাষ্ট্রের ক্ষুদ্রন্ত রাষ্ট্রের পাপের প্রতীক'- কার উক্তি?
উত্তর: 'রাষ্ট্রের ক্ষুদ্রন্ত্র রাষ্ট্রের পাপের প্রতীক'-  একথা বলেছেন ট্রিটস্কে।

❑কে রাষ্ট্রের সর্বাধিক গ্রহণযোগ্য সংজ্ঞা দিয়েছেন?
উত্তর: অধ্যাপক গার্নার রাষ্ট্রের সর্বাধিক গ্রহণযোগ্য সংজ্ঞা দিয়েছেন।

❑সামাজিক প্রতিষ্ঠানের সদস্য হওয়া ব্যক্তির পক্ষে কি বাধ্যতামূলক?
উত্তর: সামাজিক প্রতিষ্ঠানের সদস্য হওয়া ব্যক্তির পক্ষে বাধ্যতামূলক নয়।

❑মেকিয়াভেলি কোন গ্রন্থে সর্বপ্রথম রাষ্ট্র শব্দটি ব্যবহার করেন?
উত্তর: ম্যাকিয়াভেলি 'দ্য প্রিন্স' নামক গ্রন্থে সর্বপ্রথম রাষ্ট্র শব্দটি ব্যবহার করেন।

❑ 'প্যাট্রিয়ার্কা' (Patriarcha)  গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: অধ্যাপক ফিলমার 'প্যাট্রিয়ার্কা' (Patriarcha) গ্রন্থটি রচনা করেন।

❑ 'জনগণের ইচ্ছাই হল ঈশ্বরের ইচ্ছা' কে কথা বলেছেন?
উত্তর: 'জনগণের ইচ্ছায় হল ঈশ্বরের ইচ্ছা' একথা বলেছেন জাঁ জ্যাক রুশো।

## জাতীয়তাবাদ, জাতি ও রাষ্ট্র

❑ 'জাতীয় জনসমাজের সীমারেখা রাষ্ট্রের সীমারেখার সঙ্গে সমানুপাতিক হওয়া উচিত' -উক্তিটি কার?
উত্তর: 'জাতীয় জনসমাজের সীমারেখা রাষ্ট্রের সীমারেখার সঙ্গে সমানুপাতিক হওয়া উচিত'- বলেছেন জে. এস. মিল।

❑ 'জাতীয়তাবাদ সভ্যতার সংকটস্বরূপ'- কে একথা বলেছেন?
উত্তর: 'জাতীয়তাবাদ সভ্যতার সংকটস্বরূপ'- একথা বলেছেন রবীন্দ্রনাথ ঠাকুর।

❑ভারতীয়গণ কী একটি জাতি?
উত্তর: ভারতীয়গণ একটি জাতি।

❑জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকার নীতিটিকে দু- দিক ধারবিশিষ্ট তলোয়ার বলেছেন কে?
উত্তর: জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকার নীতিটিকে দু- দিক ধারবিশিষ্ট তলোয়ার-  বলেছেন লর্ড কার্জন।

❑ 'জাতি হল ঐতিহাসিক ভাবে গড়ে ওঠা একটি স্থায়ী জনসমষ্টি যা একই ভাষা, অঞ্চল, অর্থনৈতিক জীবন এবং সংস্কৃতির মধ্যে অভিব্যক্তি মনস্তাত্ত্বিক গঠনের ভিত্তিতে গঠিত'।-  একথা বলেছেন কে?
উত্তর: স্তালিন।

❑কে জাতীয়তাবাদকে আন্তর্জাতিকতার বিরোধী মনে করেন?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয়তাবাদকে আন্তর্জাতিকতার বিরোধী মনে করেন।

❑ইতালির জাতীয়তাবাদের জনক কে?
উত্তর: ইতালির জাতীয়তাবাদের জনক হলেন ম্যাৎসিনি।

❑ল্যাস্কির মতে, কখন থেকে আধুনিক জাতীয়তাবাদের সূচনা হয়?
উত্তর: লাস্কির মতে পোল্যান্ডের বিভক্তিকরণের সময় থেকে আধুনিক জাতীয়তাবাদের সূচনা হয়।

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑উগ্র জাতীয়তাবাদ কে 'সভ্যতার শত্রু' বলেছেন কে?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর উগ্র জাতীয়তাবাদ কে 'সভ্যতার শত্রু' বলেছেন।

❑জাতীয়তাবাদ আন্তর্জাতিকতার পথকে উন্মুক্ত করে, কে বলেছেন?
উত্তর: জাতীয়তাবাদ আন্তর্জাতিকতার পথকে উন্মুক্ত করে, একথা বলেছেন জিমান।

❑ 'জাতীয়তাবাদ হল আধুনিক বিশ্বের একটি ধর্ম'- একথা কে বলেছেন?
উত্তর: 'জাতীয়তাবাদ হল আধুনিক বিশ্বের একটি ধর্ম'- একথা বলেছেন লয়েড।

❑জাতি কাকে বলে?
উত্তর: রাজনৈতিকভাবে সংগঠিত, বহিঃশাসন থেকে সর্বপ্রকারে মুক্ত অথবা মুক্তিকামী একটি নির্দিষ্ট জনসমাজকে জাতি বলা হয়।

❑ 'জাতীয়তাবাদের রাজপথ ধরেই আন্তর্জাতিকতায় পৌঁছানো যায়'- কে বলেছেন?
উত্তর: 'জাতীয়তাবাদের রাজপথ ধরেই আন্তর্জাতিকতায় পৌঁছানো যায়'- একথা বলেছেন জিমান (Zimmern)।

❑জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকারের বিরোধী একজন ইংরেজ দার্শনিক এর নাম উল্লেখ করো।
উত্তর: জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকারের বিরোধী একজন ইংরেজ দার্শনিক এর নাম হল লর্ড অ্যাক্টন।

❑কে বলেছেন- 'জাতীয়তাবাদ হল সহগামিতার যৌথ সচেতনতা'?
উত্তর: শোয়ারজেনবার্জার বলেছেন- 'জাতীয়তাবাদ হল সহগামিতার যৌথ সচেতনতা।

❑কে বলেছেন,- 'জাতীয় জনসমাজ মূলত একটি আত্মিক প্রশ্ন'?
উত্তর: জিমান বলেছেন,- 'জাতীয় জনসমাজ মূলত একটি আত্মিক প্রশ্ন'।

❑ 'কুলগত ঐক্যের ভিত্তিতে জাতীয় জনসমাজকে ব্যাখ্যা করার চেষ্টা সম্পূর্ণ অর্থহীন' কে বলেছেন?
উত্তর: শেফার বলেছেন- 'কুলগত ঐক্যের ভিত্তিতে জাতীয় জনসমাজকে ব্যাখ্যা করার চেষ্টা সম্পূর্ণ অর্থহীন'।

❑কে জাতীয়তাবাদকে মানুষের পাগলামি বলে অভিহিত করেছেন?
উত্তর: এরিক ফ্রোম জাতীয়তাবাদকে মানুষের পাগলামি বলে অভিহিত করেছেন।

❑ 'দুনিয়ার মজদুর এক হও'- উক্তিটি কার?
উত্তর: 'দুনিয়ার মজদুর এক হও' উক্তিটি কাল মার্কস- এর।

❑জাতীয় জনসমাজ কি?
উত্তর: জাতীয় জনসমাজ হল এমন একটি ঐক্যবদ্ধ জনসমাজ যে নিজেকে অন্য জনসমাজ থেকে সম্পূর্ণ পৃথক বলে মনে করে।

❑জাতীয়তাবাদ কে একটি 'সাদৃশ্য ও ঐক্যের অনুভূতি' বলে চিহ্নিত করেছেন কে?
উত্তর: জাতীয়তাবাদকে একটি 'সাদৃশ্য ও ঐক্যের অনুভূতি' বলে চিহ্নিত করেছেন বার্ট্রান্ড রাসেল।

❑জাতীয় আত্মনিয়ন্ত্রণের অধিকারের একজন প্রবক্তার নাম উল্লেখ করো।
উত্তর: জাতীয় আত্মনিয়ন্ত্রণের অধিকারের একজন প্রবক্তার নাম হল উড্রো উইলসন।

❑কি ধরনের জাতীয়তাবাদ সাম্রাজ্যবাদের জন্ম দেয়?
উত্তর: উগ্র জাতীয়তাবাদ সাম্রাজ্যবাদের জন্ম দেয়।

❑জাতীয়তাবাদের জনক কাকে বলা হয়?
উত্তর: ম্যাৎসিনিকে জাতীয়তাবাদের জনক বলা হয়।

❑ 'জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকার'- মতবাদটির প্রবক্তা কে?
উত্তর: 'জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকার'- মতবাদটির প্রবক্তা হলেন জন স্টুয়ার্ট মিল।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑বিকৃত জাতীয়তাবাদের প্রবক্তা কে?
উত্তর: বিকৃত জাতীয়তাবাদের প্রবক্তা হলেন হিটলার।

❑ 'কোনো জনসমাজকে তাদের নিজস্ব জাতীয় সরকার ব্যতিরেকে অন্য জাতির এর অধীনে থাকতে বাধ্য করা, কোন নারীকে, সে ঘৃণা করে এমন পুরুষকে বিবাহ করতে বাধ্য করার সমতুল্য' -কার উক্তি?
উত্তর: 'কোনো জনসমাজকে তাদের নিজস্ব জাতীয় সরকার ব্যতিরেকে অন্য জাতির এর অধীনে থাকতে বাধ্য করা, কোন নারীকে, সে ঘৃণা করে এমন পুরুষকে বিবাহ করতে বাধ্য করার সমতুল্য'- এই উক্তিটি করেছেন রাসেল।

❑ 'আত্মনিয়ন্ত্রণের অধিকার ইতিহাসের পশ্চাৎগতির লক্ষণ'- কে বলেছেন?
উত্তর: 'আত্মনিয়ন্ত্রণের অধিকার ইতিহাসের পশ্চাৎগতির লক্ষণ'- একথা বলেছেন লর্ড অ্যাক্টন।

'যথার্থ দেশপ্রেম জাতীয়তাবাদের আদর্শের মাধ্যমে মূর্ত হলে বিশ্বসভ্যতা এবং মানবতার পক্ষে তা আশীর্বাদস্বরূপ'- উক্তিটি কার?
উত্তর: 'যথার্থ দেশপ্রেম জাতীয়তাবাদের আদর্শের মাধ্যমে মূর্ত হলে বিশ্বসভ্যতা এবং মানবতার পক্ষে তা আশীর্বাদস্বরূপ'- অধ্যাপক হায়েস- এর উক্তি।

❑ 'জাতীয়তাবাদ যদি নিয়ন্ত্রিত হয় তাহলে আর বিকৃত বা সংকীর্ণ হতে পারে না'- কে বলেছেন?
উত্তর: অধ্যাপক বাকার বলেছেন- 'জাতীয়তাবাদ যদি নিয়ন্ত্রিত হয় তাহলে আর বিকৃত বা সংকীর্ণ হতে পারে না।'

❑ 'হয় মানুষ যুদ্ধকে শেষ করবে, না হয় যুদ্ধই মানুষকে শেষ করবে' কে বলেছেন?
উত্তর: অধ্যাপক রাসেল বলেছেন,- 'হয় মানুষ যুদ্ধকে শেষ করবে, না হয় যুদ্ধই মানুষকে শেষ করবে'।

❑ 'শান্তিপূর্ণ সহাবস্থানের বিকল্প হল সম্মিলিত ধ্বংস' কার উক্তি?
উত্তর: 'শান্তিপূর্ণ সহাবস্থানের বিকল্প হল সম্মিলিত ধ্বংস'- উক্তিটি হল জহরলাল নেহেরু- র।

❑ 'স্ত্রীলোকের নিকট মাতৃত্ব যেমন স্বাভাবিক, পুরুষের নিকট যুদ্ধও তেমনি স্বাভাবিক'- উক্তিটি কার?
উত্তর: 'স্ত্রীলোকের নিকট মাতৃত্ব যেমন স্বাভাবিক, পুরুষের নিকট যুদ্ধও তেমনি স্বাভাবিক'- উক্তিটি করেছেন মুসোলিনি।

## আইন, স্বাধীনতা, সাম্য ও ন্যায় বিচার

❑ "আইন হল শ্রেষ্ঠ ব্যক্তির নির্দেশ"—উক্তিটি কার?
উত্তর: "আইন হল শ্রেষ্ঠ ব্যক্তির নির্দেশ" বলেছেন Jean Bodin।

❑ "সাম্যের জন্য আবেগ স্বাধীনতার আশাকে নিমূল করে" —উক্তিটি কার?
উত্তর: "সাম্যের জন্য আবেগ স্বাধীনতার আশাকে নিমূল করে" —বলেছেন লর্ড অ্যাক্টন (John Dalberg-Acton)।

❑ "সাম্য একটি পরিবর্তনশীল ধারণা" -উক্তিটি কার?
উত্তর: "সাম্য একটি পরিবর্তনশীল ধারণা" -বলেছেন কাল মার্কস।

❑ "সাম্য ছাড়া স্বাধীনতার অস্তিত্বই সম্ভব নয়" -কে বলেছেন ?
উত্তর: "সাম্য ছাড়া স্বাধীনতার অস্তিত্বই সম্ভব নয়" -একথা বলেছেন রুশো।

❑ "রাষ্ট্রের সার্বভৌম কতৃত্ব দ্বারা প্রযুক্ত মানুষের বাহ্যিক আচার- আচরণ নিয়ন্ত্রণকারী সাধারণ নিয়মগুলি হল আইন" -কে বলেছেন ?
উত্তর: "রাষ্ট্রের সার্বভৌম কতৃত্ব দ্বারা প্রযুক্ত মানুষের বাহ্যিক আচার- আচরণ নিয়ন্ত্রণকারী সাধারণ নিয়মগুলি হল আইন" -বলেছেন হল্যান্ড।

❑ "সামাজিক প্রথা ও রীতিনীতিই আইনের রূপ লাভ করে" -উক্তিটি কার?
উত্তর: "সামাজিক প্রথা রীতিনীতিই আইনের ও রূপ লাভ করে। - উক্তিটি হল হেনরি মেইনের।

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑ "আইন সার্বভৌমের আদেশ"—একথা বলেছেন কে?
উত্তর: "আইন সার্বভৌমের আদেশ"-একথা বলেছেন অস্টিন।

❑ "মানুষের যুক্তিহীন শক্তি ও মদমত্ততা আন্তর্জাতিক আইনের বাস্তব রূপায়ণে প্রধান বাধা" -কার উক্তি ?
উত্তর: "মানুষের যুক্তিহীন শক্তি ও মদমত্ততা আন্তর্জাতিক আইনের বাস্তব রূপায়ণে প্রধান বাধা' -একথা বলেছেন রাসেল।

❑ "সাধারণ ইচ্ছা জনগণের কল্যাণকামী ইচ্ছার সমষ্টি এবং সমাজ সার্বভৌম ক্ষমতার অধিকারী' —এই অভিমত কার?
উত্তর: "সাধারণ ইচ্ছা জনগণের কল্যাণকামী ইচ্ছার সমষ্টি এবং সমাজ সার্বভৌম ক্ষমতার অধিকারী" -এই উক্তিটি করেছেন রুশো।

❑ "কেবল রাষ্ট্রের দ্বারা স্বীকৃত ঘোষিত ও প্রযুক্ত হলেই আইন হয় না" -উক্তিটি কার ?
উত্তর: আর্নেস্ট বার্কার বলেছেন —"কেবল রাষ্ট্রের দ্বারা স্বীকৃত, ঘোষিত ও প্রযুক্ত হলেই আইন হয় না।"

❑ 'Utopia' গ্রন্থটির লেখক কে ?
উত্তর: টমাস মুর হলেন 'Utopia' গ্রন্থটির লেখক।

❑ 'On Liberty' গ্রন্থটির লেখক কে ?
উত্তর: জন স্টুয়ার্ট মিল হলেন 'On Liberty' গ্রন্থের লেখক।

❑ "স্বাধীনতা ও সাম্য পরস্পর বিরোধী"—কার উক্তি ?
উত্তর: "স্বাধীনতা ও সাম্য পরস্পর বিরোধী" -এই অভিমতটি হল লর্ড অ্যাক্টন ও আলেক্সির।

❑ "আইন হল সমাজে প্রতিপত্তিশালী শ্রেণির ইচ্ছার প্রকাশ"—উক্তিটি কার?
উত্তর: মার্কস ও এঙ্গেলস বলেছেন—"আইন হল সমাজে প্রতিপ্রত্তিশালী শ্রেণির ইচ্ছার প্রকাশ'।

❑আইনের উৎস সাধারণত কয়টি ?
উত্তর: আইনের উৎস সাধারণত ৬টি।

❑ "আইন হল সমাজের প্রচলিত চিন্তাধারা ও অভ্যাসের সেই অংশ যা সুস্পষ্ট বিধিতে পরিণত"–এই অভিমতটি কার?
উত্তর: "আইন হল সমাজের প্রচলিত চিন্তাধারা ও অভ্যাসের সেই অংশ যা সুস্পষ্ট বিধিতে পরিণত" –এই উক্তিটি করেছেন উড্রো উইলসন।

❑ 'রিপাবলিক' গ্রন্থের লেখক কে ?
উত্তর: 'রিপাবলিক' গ্রন্থের লেখক হলেন প্লেটো।

❑ 'স্বাধীনতা বলতে এক বিশেষ পরিবেশকে বোঝায়' -একথা বলেছেন কে?
উত্তর: 'স্বাধীনতা বলতে এক বিশেষ পরিবেশকে বোঝায়'–একথা বলেছেন অধ্যাপক ল্যাস্কি।

❑স্বাধীনতার শর্ত কী ?
উত্তর: আইন হল স্বাধীনতার শর্ত।

❑আইনের উৎস কী ?
উত্তর: আইনের উৎস হল ন্যায়বিচার।

❑মানুষের কেবলমাত্র বহির্জীবনের আচার- আচরণকে নিয়ন্ত্রণ করে কে ?
উত্তর: আইন মানুষের কেবলমাত্র বহির্জীবনের আচার-আচরণকে নিয়ন্ত্রণ করে।

❑ 'আইনের মধ্যে বৈধতা এবং নৈতিক মূল্য উভয়ই থাকা দরকার'—একথা বলেছেন কে?
উত্তর: অধ্যাপক বার্কার বলেছেন, 'আইনের মধ্যে বৈধতা এবং নৈতিক মূল্য উভয়ই দরকার।'।

❑ 'গণতন্ত্র' কথাটি সংবিধানের কোথায় স্থান পেয়েছে?
উত্তর: 'গণতন্তৰ' কথাটি সংবিধানের প্রস্তাবনায় স্থান পেয়েছে।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑ "স্বাধীনতার মতো অন্য কোনো ধারণা এত বিচিত্র তাৎপর্য বহন করেনি এবং মানবমনে এত বিচিত্র প্রতিক্রিয়ারও সৃষ্টি করেনি" —উক্তিটি কার?
উত্তর: ফরাসি দার্শনিক মন্টেস্কু।

❑ "রাষ্ট্রের স্বাধীনতা কখনোই প্রত্যেকের অবাধ স্বাধীনতা হতে পারে না; তা হল সব সময় সকলের জন্য শর্তসাপেক্ষ স্বাধীনতা" —একথা বলেছেন কে?
উত্তর: অধ্যাপক বার্কার।

❑ "মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করলেও সে আজ সর্বত্রই শৃঙ্খলাবদ্ধ"—একথা বলেছেন কে ?
উত্তর: "মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করলেও সে আজ সর্বত্রই শৃঙ্খলাবদ্ধ" —একথা বলেছেন রুশো।

❑ 'অর্থনৈতিক স্বাধীনতা না থাকলে মানুষের কাছে অন্যান্য স্বাধীনতা অর্থহীন হয়ে দাঁড়ায়"এই অভিমত কাদের ?
উত্তর: "অর্থনৈতিক স্বাধীনতা না থাকলে মানুষের কাছে অন্যান্য স্বাধীনতা অর্থহীন হয়ে দাঁড়ায়"এই অভিমত ব্যক্ত করেছেন মার্কসবাদী দার্শনিকগণ।

❑ "শোষক ও শোষিত এবং ভুরিভোজী ও ক্ষুধার্তদের মধ্যে সাম্যকে আমরা কখনোই স্বীকার করি না"—উক্তিটি কার?
উত্তর: "শোষক ও শোষিত এবং ভুরিভোজী ও ক্ষুধার্তদের মধ্যে সাম্যকে আমরা কখনোই স্বীকার করি না"—এই উক্তিটি করেছেন লেনিন।

❑ "A Grammar of Politics" গ্রন্থের লেখক কে ?
উত্তর: "A Grammar of Politics" গ্রন্থের লেখক হলেন অধ্যাপক ল্যাস্কি।

❑ "অর্থনৈতিক সাম্য না থাকলে রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন হয়ে দাঁড়ায়"—একথা বলেছেন কে?
উত্তর: "অর্থনৈতিক সাম্য না থাকলে রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন হয়ে দাঁড়ায়"—একথা বলেছেন অধ্যাপক ল্যাস্কি।

❑ "Principles of Social and Political Theory" গ্রন্থটির গ্রন্থটির লেখক কে?
উত্তর: "Principles of Social and Political Theory" গ্রন্থটির লেখক হলেন আর্নেস্ট বার্কার।

❑ "জাস্টিস" (Justice) শব্দটি কোন শব্দ থেকে উৎপত্তি হয়?
উত্তর: "জাস্টাস" (Justus) ও "জাস্টিসিয়া" (Justitia) থেকে।

## গণতন্ত্র ও একনায়কতন্ত্র

❑ "লিবারেলিজম"(Liberalism) গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: "লিবারেলিজম" (Liberalism) গ্রন্থটির রচয়িতা হবহাউস।

❑ "সমাজতন্ত্র ছাড়া গণতন্ত্র অসম্পূর্ণ"—উক্তিটি কার?
উত্তর: "সমাজতন্ত্র ছাড়া গণতন্ত্র অসম্পূর্ণ" —উক্তিটি অধ্যাপক ল্যাস্কির।

❑ "সার্বজনীন ভোটাধিকারের আগে সার্বজনীন শিক্ষার ব্যবস্থা করতে হবে" —উক্তিটি কার ?
উত্তর: সার্বজনীন ভোটাধিকারের আগে সার্বজনীন শিক্ষার ব্যবস্থা করতে হবে" —উক্তিটি জন স্টুয়ার্ট মিল- এর।

❑বর্তমানে গণতান্ত্রিক শাসনব্যবস্থা বলতে কী বোঝায়?
উত্তর: বর্তমানে গণতান্ত্রিক শাসনব্যবস্থা বলতে বোঝায় প্রতিনিধিত্বমূলক সরকারকে।

❑কোন দেশে গণভোট, গণউদ্যোগ, পদচ্যুতি ইত্যাদি প্রত্যক্ষ গণতান্ত্রিক পদ্ধতি দেখা যায়?
উত্তর: সুইজারল্যান্ডে গণভোট, গণউদ্যোগ, পদচ্যুতি ইত্যাদি প্রত্যক্ষ গণতান্ত্রিক পদ্ধতি দেখা যায়।

❑কী ধরনের শাসন ব্যবস্থা ব্যক্তিস্বাধীনতার বিরোধী?
উত্তর: একনায়কতান্ত্রিক শাসন ব্যবস্থা ব্যক্তিস্বাধীনতার বিরোধী।

❑সমাজতান্ত্রিক রাষ্ট্রে কোন শ্রেণির একনায়কতন্ত্র দেখতে পাওয়া যায়?

উত্তর: সমাজতান্ত্রিক রাষ্ট্রে সর্বহারা শ্রেণির একনায়কতন্ত্র দেখতে পাওয়া যায়।

❑কোন দেশে প্রথম গণতন্ত্র সম্পর্কে ধারণার সৃষ্টি হয়?
উত্তর: প্রাচীন গ্রিসে প্রথম গণতন্ত্র সম্পর্কে ধারণার সৃষ্টি হয়।

❑ "গণতন্ত্র হল জনগণকে নিয়ে গঠিত, জনগণের দ্বারা ও জনগণের জন্য পরিচালিত শাসন ব্যবস্থা": –কে বলেছেন?
উত্তর: আব্রাহাম লিঙ্কন বলেছেন, — "গণতন্ত্র হল জনগণকে নিয়ে গঠিত, জনগণের দ্বারা ও জনগণের জন্য পরিচালিত শাসনব্যবস্থা।

❑প্রত্যক্ষ গণতন্ত্র সম্ভব নয় কীরূপ রাষ্ট্রে?
উত্তর: বৃহৎ রাষ্ট্রে প্রত্যক্ষ গণতন্ত্র সম্ভব নয়।

❑কীরূপ সরকারের জন্য অবাধ নির্বাচন অপরিহার্য?
উত্তর: গণতান্ত্রিক সরকারের জন্য অবাধ নির্বাচন অপরিহার্য।

❑গণতন্ত্রকে 'আলাপ- আলোচনার মাধ্যমে পরিচালিত শাসন ব্যবস্থা' বলেছেন কে ?
উত্তর: অধ্যাপক বার্কার বলেছেন, "গণতন্ত্র হল আলাপ-আলোচনার মাধ্যমে পরিচালিত শাসন ব্যবস্থা।

❑গণতন্ত্র 'মূর্খদের জন্য মূর্খদের দ্বারা মূর্খদের শাসন' - বলেছেন কে ?
উত্তর: গণতন্ত্র 'মূর্খদের জন্য মূর্খদের দ্বারা মূর্খদের শাসন' বলেছেন অধ্যাপক কার্লাইল।

❑কোন শাসন ব্যবস্থায় এক নেতা এক দল, এক রাষ্ট্রের ধারণা প্রতিষ্ঠিত হয় ?
উত্তর: একনায়কতান্ত্রিক শাসন ব্যবস্থায় এক নেতা, এক দল, এক রাষ্ট্রের ধারণা প্রতিষ্ঠিত হয়।

❑কোন শাসন ব্যবস্থায় স্বায়ত্তশাসনের সুযোগ থাকে না?
উত্তর: একনায়কতান্ত্রিক শাসন ব্যবস্থায় স্বায়ত্তশাসনের সুযোগ থাকে না।

❑কোন শাসন ব্যবস্থা অন্ধ জাতীয়তাবাদকে প্রশ্রয় দেয় ?
উত্তর: একনায়কতান্ত্রিক শাসনব্যবস্থা অন্ধ জাতায়তাবাদকে প্রশ্রয় দেয়।

❑জনগণের গণতান্ত্রিক একনায়কতন্ত্র লক্ষ করা যায় কোন দেশে ?
উত্তর: চিনে জনগণের গণতান্ত্রিক একনায়কতন্ত্র লক্ষ করা যায়।

❑গণতন্ত্রের সাফল্যের অন্যতম শর্ত কী ?
উত্তর: সর্বজনীন শিক্ষা গণতন্ত্রের সাফল্যের অন্যতম শর্ত।

❑কোন শাসনব্যবস্থায় দলীয় স্বার্থের প্রাধান্য থাকে ?
উত্তর: গণতান্ত্রিক শাসনব্যবস্থায় দলীয় স্বার্থের প্রাধান্য থাকে।

❑যথার্থ জনগণের শাসন প্রতিষ্ঠিত হয় কীরূপ শাসনব্যবস্থায় ?
উত্তর: গণতান্ত্রিক শাসনব্যবস্থায় যথার্থ জনগণের শাসন প্রতিষ্ঠিত হয়।

❑সংসদীয় গণতান্ত্রিক শাসনব্যবস্থা বলতে কী বোঝায় ?
উত্তর: সংসদীয় গণতন্ত্র হল এমন এক শাসনব্যবস্থা যেখানে নির্বাচিত আইনসভার নিকট দায়িত্বশীল ক্যাবিনেট আছে।

❑কার নেতৃত্বে জার্মানিতে নাতসিবাদী দল একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হয় ?
উত্তর: হিটলারের নেতৃত্বে জার্মানিতে নাতসিবাদী একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

❑একটি প্রজাতান্ত্রিক রাষ্ট্রের নাম লেখো !
উত্তর: ভারতবর্ষ হল একটি প্রজাতান্ত্রিক রাষ্ট্র।

❑কোন দেশে প্রত্যক্ষ গণতান্ত্রিক পদ্ধতি প্রচলিত ?
উত্তর: সুইজারল্যান্ডে প্রত্যক্ষ গণতান্ত্রিক পদ্ধতি প্রচলিত।

❑ 'Government of the people, by the people, for the people', কোন ধরনের শাসনব্যবস্থার বৈশিষ্ট্য?
উত্তর: 'Government of the people, by the people, for the people' হল গণতান্ত্রিক শাসনব্যবস্থার বৈশিষ্ট্য।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑গ্রিক শব্দ DEMOS-এর অর্থ কী?
উত্তর: গ্রিক শব্দ DEMOS এর অর্থ হল জনগণ।

❑ 'KRATIA' শব্দের অর্থ কী?
উত্তর: 'KRATIA' শব্দের অর্থ হল শাসনব্যবস্থা।

❑ 'Political Ideals' শীর্ষক গ্রন্থের রচয়িতা কে ?
উত্তর: 'Political Ideals ' শীর্ষক গ্রন্থের রচয়িতা হলেন সি. ভি. বার্নস।

❑ 'Representative Government' শীর্ষক গ্রন্থের রচয়িতা কে ?
উত্তর: 'Representative Government' শীর্ষক গ্রন্থের রচয়িতা হলেন জন স্টুয়ার্ট মিল।

❑ 'Modern Democracies' শীষৰক গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: 'Modern Democracies' শীর্ষক গ্রন্থের রচয়িতা হলেন লর্ড ব্রাইস।

❑ "অর্থনৈতিক গণতন্ত্র ছাড়া রাজনৈতিক গণতন্ত্র অর্থহীন" উক্তিটি কার?
উত্তর: অধ্যাপক ল্যাস্কি বলেছেন, "অর্থনৈতিক গণতন্ত্র রাজনৈতিক গণতন্ত্র ছাড়া অর্থহীন।

❑ "নাগরিকদের নির্লিপ্ততার জন্যই গণতন্ত্র আজ সংকটের সম্মুখীন" -উক্তিটি কার ?
উত্তর: অধ্যাপক লয়েড বলেছেন, "নাগরিকদের নির্লিপ্ততার জন্যই গণতন্ত্র আজ সংকটের সম্মুখীন"।

❑ "একনায়কতন্তেৰ সুশাসনের তুলনায় স্বায়ত্তশাসনের খারাপ শাসনও ভালো" -কার উক্তি ?
উত্তর: অধ্যাপক ব্যানারম্যান বলেছেন, "একনায়কতন্তেৰ সুশাসনের তুলনায় স্বায়ত্তশাসনের খারাপ শাসনও ভালো।"

## নাগরিকের অধিকার ও কর্তব্য

❑মানবিক অধিকারগুলি কয়াট ধারায় স্থান পেয়েছে?
উত্তর: মানবিক অধিকারগুলি ৩০টি ধারায় স্থান পেয়েছে।

❑কবে 'পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশন ' গঠিত হয়?
উত্তর: ১৯৯৫ খ্রিস্টাব্দে 'পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশন' গঠিত হয়।

❑কবে 'জাতীয় মানবাধিকার কমিশন ' গঠিত হয়?
উত্তর: ১৯৯৩ খ্রিস্টাব্দে 'জাতীয় মানবাধিকার কমিশন' গঠিত হয়।

❑কবে ভারত সরকারের মানবাধিকার রক্ষা আইন পাস হয়?
উত্তর: ১৯৯৩ খ্রিস্টাব্দে ভারত সরকারের মানবাধিকার রক্ষা আইন পাস হয়।

❑কবে মানবাধিকার সম্পর্কিত বিশ্বজনীন ঘোষণাপত্র গৃহীত হয়?
উত্তর: ১৯৪৮ খ্রিস্টাব্দের ১০ ডিসেম্বর মানবাধিকার সম্পর্কিত বিশ্বজনীন ঘোষণাপত্র গৃহীত হয়।

❑ভারতের সংবিধানে বর্ণিত সাম্যের অধিকার কী ধরনের অধিকার?
উত্তর: ভারতের সংবিধানে বর্ণিত সাম্যের অধিকার মূলত একটি রাজনৈতিক অধিকার।

❑কবে ভারতীয় নাগরিকদের কর্তব্যগুলি সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়েছে?
উত্তর: ১৯৭৬ খ্রিস্টাব্দে ভারতীয় নাগরিকদের কর্তব্যগুলি সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়েছে।

❑পঞ্চায়েত গঠনের অধিকার কার সঙ্গে যুক্ত?
উত্তর: পঞ্চায়েত গঠনের অধিকার রাষ্ট্রীয় নির্দেশমূলক নীতির সঙ্গে যুক্ত।

❑ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্যসমূহ কার সঙ্গে যুক্ত?
উত্তর: ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্যসমূহ রাষ্ট্রীয় নির্দেশমূলক নীতির সঙ্গে যুক্ত।

❑ভারতে কে মৌলিক অধিকারগুলি রক্ষা করতে সক্ষম ?
উত্তর: ভারতে সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট উভয়েই মৌলিক অধিকারগুলি রক্ষা করতে সক্ষম।

❑ভোটদান করা কাদের পবিত্র কর্তব্য?
উত্তর: ভোটদান করা নাগরিকদের পবিত্র কর্তব্য।

❑রাজনৈতিক অধিকার কারা ভোগ করেন?
উত্তর: রাজনৈতিক অধিকার কে বলমাত্র নাগরিকরাই ভোগ করেন।

❑কবে ভারতীয় নাগরিকতা আইন প্রণীত হয়?
উত্তর: ১৯৫৫ খ্রিস্টাব্দে ভারতীয় নাগরিকতা আইন প্রণীত হয়।

❑ভারতে কত বছর বয়সে পূর্ণ নাগরিকতা লাভ করা যায়?
উত্তর: ভারতে ১৮ বছর বয়সে পূর্ণ নাগরিকতা লাভ করা যায়।

❑ধর্মের অধিকার কী ধরনের অধিকার?
উত্তর: ধর্মের অধিকার হল একটি সামাজিক অধিকার।

❑জীবনের অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: জীবনের অধিকার হল একটি অন্যতম সামাজিক অধিকার।

❑ভোটদানের অধিকার কী ধরনের অধিকার?
উত্তর: ভোটদানের অধিকার হল একটি রাজনৈতিক অধিকার।

❑বাকস্বাধীনতার অধিকার কী ধরনের অধিকার?
উত্তর: বাকস্বাধীনতার অধিকার হল একটি সামাজিক অধিকার।

❑কর্মের অধিকার কী ধরনের অধিকার?
উত্তর: কর্মের অধিকার হল একটি অর্থনৈতিক অধিকার।

❑সম্পত্তির অধিকার কী ধরনের অধিকার?
উত্তর: সম্পত্তির অধিকার হল একটি অর্থনৈতিক অধিকার।

❑রাষ্ট্র অসদাচরণের জন্য কাদেরকে দেশ থেকে বহিষ্কার করতে পারে?
উত্তর: রাষ্ট্র অসদাচরণের জন্য বিদেশিদেরকে দেশ থেকে বহিষ্কার করতে পারে।

❑নাগরিকতা কীভাবে অর্জন করা যায়?
উত্তর: নাগরিকতা জন্মসূত্রে ও দেশীয়করণের মাধ্যমে অর্জন করা যায়।

❑নাগরিক বলতে কী বোঝায় ?
উত্তর: নাগরিক হল সেই ব্যক্তি যিনি রাষ্ট্রের আনুগত্য স্বীকার ও রাজনৈতিক অধিকার ভোগ করেন।

❑ "নাগরিকতা হল জনগণের কল্যাণের জন্য নিজ সুচিন্তিত বিচারবুদ্ধি প্রয়োগ" —উক্তিটি কার?
উত্তর: নাগরিকতা হল জনগণের কল্যাণের জন্য নিজ সুচিন্তিত বিচারবুধি প্রয়োগ" –বলেছেন অধ্যাপক ল্যাস্কি।

❑কোন দেশে নাগরিক শব্দটির উৎপত্তি হয় ?
উত্তর: নাগরিক শব্দটির উৎপত্তি হয় গ্রিস দেশে।

❑কোন দেশের সংবিধানে বিদেশিদের আশ্রয়দানের বিশেষ সুবিধার কথা উল্লেখ আছে?
উত্তর: চিনের সংবিধানে বিদেশিদের আশ্রয়দানের বিশেষ সুবিধার কথা উল্লেখ আছে।

❑সুনাগরিকতার পথে প্রতিবন্ধকতা কীসের জন্য সৃষ্টি হয়?
উত্তর: স্বার্থপরতা হল সুনাগরিকতার পথে প্রতিবন্ধকতা।

❑গণতন্ত্রের সাফল্যের অন্যতম শর্ত কী?
উত্তর: সুনাগরিকতা হল গণতন্ত্রের সাফল্যের অন্যতম শর্ত।

❑নাগরিকতার ধারণাটি সুন্দরভাবে বিশ্লেষণ করেন কে?
উত্তর: বিখ্যাত গ্রিক দার্শনিক অ্যারিস্টটল নাগরিকতার ধারনাটি সুন্দরভাবে বিশ্লেষণ করেন।

❑ভোটদানের অধিকার কাদের থাকে?
উত্তর: ভোটদানের অধিকার কেবলমাত্র নাগরিকদেরকেই প্রদান করা হয়।

❑অধিকার বলতে কী বোঝায় ?

উত্তর: ব্যক্তিত্ব বিকাশের জন্য নাগরিক জীবনে যে সমস্ত সুযোগসুবিধাগুলি একান্ত প্রয়োজন তাকে অধিকার বলে।

❑সিকিমের জনগণ কীভাবে ভারতের নাগরিক হয়?
উত্তর: সিকিমের জনগণ সমষ্টিগত নাগরিকতা লাভের ফলে ভারতের নাগরিক।

❑ 'ধাক্কা না খেয়ে পথ চলার অধিকার যদি আমার থাকে, তাহলে তোমার কর্তব্য হল আমাকে প্রয়োজনমতো পথ ছেড়ে দেওয়া', -উক্তিটি কার?
উত্তর: 'ধাক্কা না খেয়ে পথ চলার অধিকার যদি আমার থাকে, তাহলে তোমার কর্তব্য হল আমাকে প্রয়োজনমতো পথ ছেড়ে দেওয়া', বলেছেন বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী হবস হাউস।

❑সনদের কত নং ধারায় জাতি, ধর্ম, ভাষা ও নারী পুরুষ নির্বিশেষে সকলের মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা প্রতিষ্ঠার জন্য পৃথিবীর প্রতিটি রাষ্ট্র একে অপরকে সহযোগিতা করবে ?
উত্তর: সনদের ১ (৩) নং ধারায় জাতি, ধর্ম, ভাষা ও নারী-পুরুষ নির্বিশেষে সকলের মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা প্রতিষ্ঠার জন্য পৃথিবীর প্রতিটি রাষ্ট্র একে অপরকে সহযোগিতা করবে।

## ভারতের সংবিধান প্রণয়ন

❑ভারতের সংবিধানের ব্যাখ্যা- কর্তা কাকে বলা হয়?
উত্তর: সুপ্রিমকোর্টকে ভারতীয় সংবিধানের ব্যাখ্যা- কর্তা বলা হয়।

❑ভারতীয় সংবিধান রচনার দায়িত্ব কোন সংস্থার উপর দেওয়া হয়েছিল?
উত্তর: গণপরিষদের উপর ভারতীয় সংবিধান রচনার দায়িত্ব দেওয়া হয়েছিল।

❑বর্তমানে ভারতে কেন্দ্রশাসিত অঞ্চলের সংখ্যা কটি?
উত্তর: বর্তমানে ভারতে ৭টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে।

❑ভারতীয় সংবিধানের প্রস্তাবনা অনুসারে ভারত কীরূপ রাষ্ট্র?
উত্তর: ভারতীয় সংবিধানের প্রস্তাবনা অনুসারে ভারত হ'ল সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ রাষ্ট্র।

❑কোন দেশের সংবিধান পৃথিবীর মধ্যে বৃহত্তম লিখিত সংবিধান ?
উত্তর: ভারতীয় সংবিধান হল পৃথিবীর মধ্যে বৃহত্তম লিখিত সংবিধান।

❑পৃথিবীর কোন দেশে অঙ্গরাজ্যগুলির জন্য পৃথক সংবিধান আছে?
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রে অঙ্গরাজ্যগুলির জন্য পৃথক সংবিধান আছে।

❑ভারতীয় সংবিধানের কত নং ধারায় জম্মু ও কাশ্মীরের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?
উত্তর: ভারতীয় সংবিধানের ৩৭০ নং ধারায় জম্মু ও কাশ্মীরের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

❑কবে গণপরিষদের সর্বশেষ অধিবেশন বসে?
উত্তর: ১৯৫০ খ্রিস্টাব্দের ২৪ জানুয়ারি গণ- পরিষদের সর্বশেষ অধিবেশন বসে।

❑কে ভারতীয় সংবিধানের প্রস্তাবনাকে 'Testament of his old age' বলেছেন?
উত্তর: আর্নেস্ট বার্বার ভারতীয় সংবিধানের প্রস্তাবনাকে 'Testament of his old age' বলে অভিহিত করেছেন।

❑কবে গণপরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়?
উত্তর: ১৯৪৬ খ্রিস্টাব্দের ৯ ডিসেম্বর গণপরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়।

❑কবে ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় ধর্মনিরপেক্ষ শব্দটি যুক্ত হয়?
উত্তর: ১৯৭৬ খ্রিস্টাব্দে ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় ধর্মনিরপেক্ষ শব্দটি যুক্ত হয়।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑কোন সংবিধানকে অনুসরণ করে ভারতের সংবিধানে নির্দেশমূলক নীতি যুক্ত করা হয়?
উত্তর: আয়ালর্যান্ডের সংবিধানকে অনুসরণ করে ভারতের সংবিধানে নর্দেশমূলক নীতি যুক্ত করা হয়।

❑ভারতীয় যুক্তরাষ্ট্রে কটি অঙ্গরাজ্য আছে?
উত্তর: ভারতীয় যুক্তরাষ্ট্রে ২৯টি অঙ্গরাজ্য আছে।

❑ভারতের সংবিধান গৃহীত হওয়ার সময় ভোটাধিকারের ন্যূনতম বয়স কত বছর ছিল?
উত্তর: ভারতের সংবিধান গৃহীত হওয়ার সময় ভোটাধিকারের ন্যূনতম বয়স ছিল ২১ বছর।

❑বর্তমানে ভারতের সংবিধানে ভোটাধিকারের ন্যূনতম বয়স কত বছর?
উত্তর: বর্তমানে ভারতের সংবিধানের ভোটাধিকারের ন্যূনতম বয়স ১৮ বছর।

❑সংবিধানের কততম সংশোধনের মাধ্যমে প্রস্তাবনায় 'ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্র' কথাটি যুক্ত হয়েছে?
উত্তর: সংবিধানের ৪২তম সংশোধনের মাধ্যমে প্রস্তাবনায় 'ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্র' কথাটি যুক্ত হয়েছে।

❑এখন পর্যন্ত (January 2019) ভারতের সংবিধান কত বার সংশোধন হয়েছে?
উত্তর: এখন পর্যন্ত (January 2019) ভারতের সংবিধান ১২৪ বার সংশোধন হয়েছে।

❑ভারতের সংবিধানে বর্তমানে কটি ধারা আছে?
উত্তর: ভারতের সংবিধানে বর্তমানে ৪৪৮টি ধারা আছে।

❑ভারতের সংবিধান সংশোধন পদ্ধতিকে কটি শ্রেণিতে ভাগ করা যায়?
উত্তর: ভারতের সংবিধান সংশোধন পদ্ধতিকে ৩টি শ্রেণিতে ভাগ করা যায়।

❑সংবিধানের প্রকৃতি কীরূপ হওয়া কাম্য?
উত্তর: সংবিধান লিখিত ও সুস্পষ্ট হওয়াই কাম্য।

❑ভারতের সংবিধানকে কী ধরনের সংবিধান বলা যেতে পারে?
উত্তর: ভারতের সংবিধানকে আধা- যুক্তরাষ্ট্রীয় সংবিধান বলা যেতে পারে।

❑ "Commentaries on the Constitution of India" গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: "Commentaries on the Constitution of India" গ্রন্থটির রচয়িতা হলেন ভেঙ্কটেশ সুব্বারাও।

❑বর্তমানে ভারতের সংবিধানে তপশিল- এর সংখ্যা কটি?
উত্তর: বর্তমানে ভারতের সংবিধানে তপশিলের সংখ্যা ১২টি।

❑ভারতীয় সংবিধানের জনক কাকে বলা হয়?
উত্তর: ড. বি. আর. আম্বেদকরকে ভারতীয় 'সংবিধানের জনক' বলা হয়।

❑ভারতের সংবিধান রচনায় কত সময় লাগে?
উত্তর: ভারতের সংবিধান রচনায় সময় লাগে ২ বছর ১১ মাস ১৮ দিন।

❑কবে ভারতের সংবিধান কার্যকর হয়?
উত্তর: ১৯৫০ খ্রিস্টাব্দের ২৬ জানুয়ারি ভারতের সংবিধান কার্যকর হয়।

❑কবে ভারতীয় সংবিধান গৃহীত হয়?
উত্তর: ১৯৪৯ খ্রিস্টাব্দের ২৬ নভেম্বর ভারতীয় সংবিধান গৃহীত হয়।

❑গণপরিষদের সভাপতি কে ছিলেন?
উত্তর: ড. রাজেন্দ্র প্রসাদ গণপরিষদের সভাপতি ছিলেন।

❑ "ভারতের জনগণ সংবিধান রচনা করেননি, সংবিধান রচনা করেছে সমাজের উচ্চবিত্ত এবং শিক্ষিত সম্প্রদায়"— উক্তিটি কার?
উত্তর: "ভারতের জনগণ সংবিধান রচনা করেননি, সংবিধান রচনা করেছে সমাজের উচ্চবিত্ত এবং শিক্ষিত সম্প্রদায় "— উক্তিটি করেছেন কে. ভি. রাও ।

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑কবে ভারতের গণপরিষদ গঠিত হয়?
উত্তর: ১৯৪৬ খ্রিস্টাব্দে ভারতের গণপরিষদ গঠিত হয়।

❑মোট কত জন সদস্য নিয়ে গণপরিষদ গঠিত হয়?
উত্তর: মোট ৩৮৯ জন সদস্য নিয়ে গণপরিষদ গঠিত হয়।

❑গণপরিষদ কাকে বলে?
উত্তর: দেশের জনগণের সংবিধান রচনার দায়িত্ব যাঁরা সম্পাদন করেন, সম্মিলিতভাবে তাঁদের গণপরিষদ বলা হয়।

❑গণপরিষদের ব্রিটিশ অংশের আসনগুলির জন্য কবে নির্বাচন অনুষ্ঠিত হয়?
উত্তর: গণপরিষদের ব্রিটিশ অংশের আসনগুলির জন্য ১৯৪৬ খ্রিস্টাব্দের জুলাই মাসে নির্বাচন অনুষ্ঠিত হয়।

❑ভারতীয় গণপরিষদ কি সার্বভৌম সংস্থা?
উত্তর: আইনের দৃষ্টিতে ১৯৪৬ খ্রিস্টাব্দে গণপরিষদ সার্বভৌম ছিল না।

❑গণপরিষদের খসড়া কমিটির সভাপতি কে ছিলেন?
উত্তর: গণপরিষদের খসড়া কমিটির সভাপতি ছিলেন ড. বি. আর. আম্বেদকর।

❑ভারতের সংবিধান রচনার জন্য গণপরিষদের মোট কটি অধিবেশন অনুষ্ঠিত হয়?
উত্তর: ভারতের সংবিধান রচনার জন্য গণপরিষদের মোট ১১টি অধিবেশন অনুষ্ঠিত হয়।

❑প্রস্তাবনা কাকে বলে?
উত্তর: সংবিধানের ভূমিকাকে প্রস্তাবনা বলা হয়।

❑কোন দেশের সংবিধানে সর্বপ্রথম একটি প্রস্তাবনা সংযুক্ত হয়?
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের ১৭৮৭ খ্রিস্টাব্দে সংবিধান রচয়িতারা সর্বপ্রথম একটি প্রস্তাবনা সংযুক্ত করেন।

❑ইংরেজি 'Constitution ' কোন শব্দ থেকে এসেছে?
উত্তর: ইংরেজি 'Constitution' শব্দটি ল্যাটিন শব্দ 'Constiture' থেকে এসেছে।

❑স্বাধীন ভারতের প্রথম অধ্যক্ষ কে হন?
উত্তর: স্বাধীন ভারতের প্রথম অধ্যক্ষ হন জি. ভি. মভলঙ্কর।

❑গণপরিষদকে কে 'আইনজীবীদের স্বগৰ' বলেছেন?
উত্তর: অধ্যাপক আই ভর জেনিংস (Ivor Jennings) গণপরিষদকে 'আইনজীবীদের স্বগৰ' বলেছেন।

❑ 'গণপরিষদই ছিল কংগ্রেস এবং কংগ্রেসই ছিল ভারত'-কার উক্তি?
উত্তর: গণপরিষদই ছিল কংগ্রেস এবং কংগ্রেসই ছিল ভারত'-একথা বলেছেন গ্রেনভিল অস্টিন।

## ভারতীয় যুক্তরাষ্ট্রের প্রকৃতি

❑কত খ্রিস্টাব্দে সারকারিয়া কমিশন গঠিত হয়?
উত্তর: ১৯৮৩ খ্রিস্টাব্দে সারকারিয়া কমিশন গঠিত হয়।

❑যুক্তরাষ্ট্রে কটি কক্ষবিশিষ্ট কেন্দ্রীয় আইনসভা থাকে?
উত্তর: যুক্তরাষ্ট্রে ২টি কক্ষবিশিষ্ট কেন্দ্রীয় আইনসভা থাকে।

❑যুক্তরাষ্ট্রে কয় শ্রেণির সরকার থাকে?
উত্তর: যুক্তরাষ্ট্রে দুই শ্রেণির সরকার থাকে।

❑এককেন্দ্রিক শাসনব্যবথায় কোন সরকারের প্রাধান্য থাকে?
উত্তর: এককেন্দ্রিক শাসনব্যবস্থায় কেন্দ্রীয় সরকারের প্রাধান্য থাকে।

❑এককেন্দ্রিক শাসনব্যবস্থার কয়েকটি উদাহরণ দাও।
উত্তর: এককেন্দ্রিক শাসনব্যবস্থার কয়েকটি উদাহরণ হল ইংল্যান্ড, ফ্রান্স প্রভৃতি।

❑ভারতে মন্ত্রীসভার কার্যকলাপ কার উপর নির্ভর করে?
উত্তর: ভারতে মন্ত্রীসভার কার্যকলাপ আইনসভার উপর নির্ভর করে।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑যুগ্ম- তালিকাভুক্ত বিষয়ে আইন প্রণয়ন করার অধিকারী কে?
উত্তর: যুগ্ম- তালিকাভুক্ত বিষয়ে আইন প্রণয়ন করার অধিকারী কেন্দ্র ও রাজ্য উভয়েই।

❑ভারতের সংবিধানে রাজ্য ও যুগ্ম- তালিকাভুক্ত বিষয়ে আইন প্রণয়নের ক্ষমতা কার হাতে দেওয়া হয়েছে?
উত্তর: ভারতের সংবিধানে রাজ্য ও যুগ্মতালিকাভুক্ত বিষয়ে আইন প্রণয়নের ক্ষমতা রাজ্যের হাতে দেওয়া হয়েছে।

❑ভারতের সংবিধানে কেন্দ্র ও রাজ্যের মধ্যে আইনগত বিষয় বণ্টনের ক্ষেত্রে কটি তালিকা আছে?
উত্তর: ভারতের সংবিধানে কেন্দ্র ও রাজ্যের মধ্যে আইনগত বিষয় বন্টনের ক্ষেত্রে তিনটি তালিকা আছে।

❑ভারতের সংবিধানে 'শিক্ষা' বিষয়টি কোন তালিকার অন্তর্ভুক্ত?
উত্তর: ভারতের সংবিধানে 'শিক্ষা' বিষয়টি যুগ্মতালিকার অন্তর্ভুক্ত।

❑মন্ত্রীসভা পরিচালিত শাসনব্যবস্থায় মন্তৰীসভাকে কার নিকট দায়ী থাকতে হয়?
উত্তর: মন্ত্রীসভা পরিচালিত শাসনব্যবস্থায় মন্তৰীসভাকে আইনসভার কাছে দায়ী থাকতে হয়।

❑কবে ভারত প্রজাতন্ত্রে রূপান্তরিত হয়?
উত্তর: ১৯৫০ খ্রিস্টাব্দের ২৬ জানুয়ারি ভারত প্রজাতন্ত্রে রূপান্তরিত হয়

❑সাধারণতন্ত্রে প্রধান শাসক কীভাবে ক্ষমতা লাভ করেন?
উত্তর: সাধারণতন্ত্রে প্রধান শাসক নির্বাচনের মাধ্যমে ক্ষমতা লাভ করেন।

❑ভারতবর্ষের শাসনব্যবস্থায় মন্ত্রীসভা তার কাজের জন্য কার কাছে দায়ী থাকেন ?
উত্তর: ভারতবর্ষের শাসনব্যবস্থায় মন্ত্রীসভা তার কাজের জন্য লোকসভার কাছে দায়ী থাকেন।

❑ভারতে কে জরুরি অবস্থা ঘোষণা করতে পারেন?
উত্তর: ভারতের রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করতে পারেন।

❑ভারতীয় যুক্তরাষ্ট্রে কোন কোন তালিকার মাধ্যমে ক্ষমতা বণ্টন করা হয়েছে?
উত্তর: ভারতীয় যুক্তরাষ্ট্রে কেন্দ্রীয় তালিকা, রাজ্য তালিকা এবং যুগ্মতালিকার মাধ্যমে ক্ষমতা বণ্টন করা হয়েছে।

❑ভারতীয় যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় অবশিষ্ট ক্ষমতা কার হাতে অর্পণ করা হয়েছে?
উত্তর: ভারতীয় যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় অবশিষ্ট ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে অর্পণ করা হয়েছে ।

❑বহুজাতিক রাষ্ট্রে কীরূপ সরকার বেশি উপযোগী?
উত্তর: বহুজাতিক রাষ্ট্রে যুক্তরাষ্ট্রীয় সরকার বেশি উপযোগী।

❑এককেন্দ্রিক সরকারের একটি উদাহরণ দাও।
উত্তর: এককেন্দ্রিক সরকারের একটি প্রকৃত উদাহরণ হল ব্রিটেন।

❑ভারতবর্ষে কীরূপ শাসনব্যবস্থা বর্তমান?
উত্তর: ভারতবর্ষে আধা যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থা বর্তমান।

❑যুক্তরাষ্ট্রের সংবিধান সাধারণত কীরূপ হয়?
উত্তর: যুক্তরাষ্ট্রের সংবিধান সাধারণত লিখিত হয়।

❑সংসদীয় গণতন্ত্র বলতে কী বোঝায়?
উত্তর: সংসদীয় গণতন্ত্র বলতে বোঝায় এমন একটি শাসনব্যবস্থা যেখানে নির্বাচিত একটি আইনসভার নিকট দায়ী মন্ত্রিসভা আছে।

❑সংসদীয় শাসনব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য উল্লেখ করো।
উত্তর: বিরোধী দলের উপস্থিতি হল সংসদীয় শাসনব্যবস্থার একটি অপরিহার্য বৈশিষ্ট্য।

❑অ্যারিস্টটল সংখ্যাগত দিক থেকে সরকারকে কয়টি ভাগে ভাগ করেছেন?
উত্তর: অ্যারিস্টটল সংখ্যাগত দিক থেকে সরকারকে ৩টি ভাগে ভাগ করেছেন।

❑এককেন্দ্রিক সরকার বলতে কী বোঝ?
উত্তর: যখন কোনো শাসনব্যবস্থায় সরকারের যাবতীয় ক্ষমতা একটিমাত্র কেন্দ্রীয় সরকারের হাতে কেন্দ্রীভূত থাকে, তাকে এককেন্দ্রিক সরকার বলে।

❑মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের কত নং ধারায় সংবিধানকে দেশের সর্বোচ্চ আইন বলা হয়?
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের ৬ নং ধারায় সংবিধানকে দেশের সর্বোচ্চ আইন বলা হয়।

❑ 'The Politics and Government' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: 'The Politics and Government' গ্রন্থের রচয়িতা অ্যারিস্টটল।

❑ 'Modern Politics and Government' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: 'Modern Politics and Government' গ্রন্থটির রচয়িতা অধ্যাপক অ্যালান বল।

❑মার্কিন যুক্তরাষ্ট্রে কটি অঙ্গরাজ্য আছে?
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রে ৫০টি অঙ্গরাজ্য আছে।

❑দেশের প্রতিটি অঙ্গরাজ্যের নিজস্ব সংবিধান আছে এমন একটি রাষ্ট্রের উল্লেখ করো।
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিটি অঙ্গরাজ্যের নিজস্ব সংবিধান আছে।

❑কত নং ধারায় তালিকা বহির্ভূত অবশিষ্ট ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে থাকে?
উত্তর: সংবিধানের ২৪৮ নং ধারায় তালিকা বহির্ভূত অবশিষ্ট ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে থাকে।

❑ভারতীয় শাসনব্যবথায় স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করতে পারেন?
উত্তর: ভারতীয় শাসনব্যবস্থায় রাজ্যপালগণ স্বেচ্ছাধীন ক্ষমতাপ্রয়োগ করতে পারেন।

## রাষ্ট্রপতি শাসিত সরকার ও সংসদীয় সরকারের প্রকৃতি

❑সংসদীয় গণতন্ত্র বলতে কী বোঝায় ?
উত্তর: সংসদীয় গণতন্ত্র বলতে বোঝায় এমন একটি শাসনব্যবস্থা, যেখানে নির্বাচিত একটি আইনসভার নিকট দায়ীত্বশীল মন্ত্রীসভা আছে।

❑রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থায় শাসকগণ কীভাবে পদচ্যুত হয় ?
উত্তর: রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থায় শাসকগণ পদচ্যুত হন মহাবিচার পদ্ধতি দ্বারা।

❑ভারতের মন্ত্রীপরিষদ কী ধরনের শাসক ?
উত্তর: ভারতের মন্ত্রীপরিষদ প্রকৃত শাসক।

❑ইংল্যান্ডের রাজা বা রানি কীরূপ শাসক প্রধান ?
উত্তর: ইংল্যান্ডের রাজা বা রানি নিয়মতান্ত্রিক শাসক প্রধান।

❑মার্কিন যুক্তরাষ্ট্রে কীরূপ সরকার আছে ?
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রে রাষ্ট্রপতিশাসিত সরকার আছে।

❑ইংরেজি Republic কথাটি কোন শব্দ ভাণ্ডার থেকে উদ্ভূত হয়েছে ?
উত্তর: ইংরেজি Republic কথাটি ল্যাটিন শব্দ ভাণ্ডার থেকে উদ্ভূত হয়েছে।

❑রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থায় রাষ্ট্রপ্রধান কোন পদ্ধতিতে পদচ্যুত হন ?
উত্তর: রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থায় রাষ্ট্রপ্রধান সাধারণত পদচ্যুত হন 'ইমপিচমেন্ট পদ্ধতি' দ্বারা।

❑ক্ষমতা- স্বতন্ত্রীকরণ নীতি কোন শাসনব্যবস্থার বৈশিষ্ট্য ?


Download From: www.swapno.in Facebook Page: PDF World

উত্তর: ক্ষমতা- স্বতন্ত্রীকরণ নীতি রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থার একটি অন্যতম বৈশিষ্ট্য।

❑রাজস্ব বন্টনে আয়ের বেশির ভাগ অংশ কার হাতে থাকে ?
উত্তর: রাজস্ব বণ্টনে আয়ের বেশির ভাগ অংশ কেন্দ্রীয় সরকারের হাতে থাকে।

❑কোন রাষ্ট্রবিজ্ঞানী যুক্তরাষ্ট্রে কেন্দ্র প্রবণতার চারটি কারণ উল্লেখ করেছেন ?
উত্তর: রাষ্ট্রবিজ্ঞানী কে. সি. হোয়ার যুক্তরাষ্ট্রে কেন্দ্র- প্রবণতার চারটি কারণ উল্লেখ করেছেন।

❑ইংল্যান্ডের শাসনব্যবস্থা কী ধরনের ?
উত্তর: ইংল্যান্ডের শাসনব্যবস্থা এককেন্দ্রিক।

❑অ্যারিস্টটলের মতে সরকার কয় প্রকার ?
উত্তর: অ্যারিস্টটলের মতে সরকার দুই প্রকার।

❑সোভিয়েত ইউনিয়নে কী ধরনের শাসন কর্তৃপক্ষ দেখা যায় ?
উত্তর: সোভিয়েত ইউনিয়নে বহু শাসন কর্তৃপক্ষ দেখতে পাওয়া যায়।

❑ভারতে কীরূপ সরকার আছে?
উত্তর: ভারতে সংসদীয় সরকার আছে।

❑ভারতের রাষ্ট্রপতিকে কী ধরনের শাসক বলা যেতে পারে?
উত্তর: ভারতের রাষ্ট্রপতিকে নিয়মতান্ত্রিক শাসক বলা যেতে পারে।

❑সংসদীয় সরকারের মন্ত্রীসভা কার নিকট দায়িত্বশীল?
উত্তর: সংসদীয় সরকারের মন্ত্রীসভা পার্লামেন্টের নিম্নকক্ষ লোকসভার নিকট দায়িত্বশীল।

❑লিখিত সংবিধানে সাধারণত কোন বিভাগের প্রাধান্য থাকে ?
উত্তর: লিখিত সংবিধানে সাধারণত বিচার বিভাগের প্রাধান্য থাকে।

❑রাষ্ট্রপতি পরিচালিত শাসনব্যবসথায় রাষ্ট্রপ্রধান কার নিকট দায়িত্বশীল থাকেন ?
উত্তর: রাষ্ট্রপতি পরিচালিত শাসনব্যবস্থায় রাষ্ট্রপ্রধান জনগণের নিকট দায়িত্বশীল।

❑কী ধরনের সরকারে আইন ও শাসন বিভাগের গভীর সম্পর্ক লক্ষ করা যায় ?
উত্তর: মন্ত্রীপরিষদশাসিত সরকারে আইন ও শাসন বিভাগের গভীর সম্পর্ক লক্ষ করা যায়।

❑ভারতে সংসদীয় শাসনব্যবথায় রাষ্ট্রপতি কী ধরনের শাসক ?
উত্তর: ভারতে সংসদীয় শাসনব্যবস্থায় রাষ্ট্রপতি হল নিয়মতান্ত্রিক শাসক।

❑ভারতবর্ষের শাসনব্যবথায় কোন বিভাগের প্রাধান্য আছে ?
উত্তর: ভারতবর্ষের শাসনব্যবস্থায় বিচার ও আইন বিভাগের প্রাধান্য আছে।

❑ভারতবর্ষের রাষ্ট্রপতি কত বছরের জন্য নির্বাচিত হন ?
উত্তর: ভারতবর্ষের রাষ্ট্রপতি ৫ বছরের জন্য নির্বাচিত হন।

❑কত নং ধারায় ভারতীয় রাষ্ট্রপতিকে 'ইমপিচমেন্ট' পদ্ধতির দ্বারা পদচ্যুত করা যায় ?
উত্তর: সংবিধানের ৬১নং ধারায় ভারতীয় রাষ্ট্রপতিকে 'ইমপিচমেন্ট' পধতির দ্বারা পদচ্যুত করা যায়।

❑ভারতের সর্বোচ্চ শাসন বিভাগীয় কর্তৃপক্ষ কে ?
উত্তর: ভারতের রাষ্ট্রপতি হলেন দেশের সর্বোচ্চ শাসন বিভাগীয় কর্তৃপক্ষ।

❑ভারতে কেন্দ্রীয় সরকারের যাবতীয় শাসনকার্য কার নামে সম্পাদিত হয়?
উত্তর: ভারতে কেন্দ্রীয় সরকারের শাসনকার্য রাষ্ট্রপতির নামে সম্পাদিত হয়।

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑কেন্দ্রশাসিত এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলসমূহের প্রধান প্রশাসক কে ?

উত্তর: ভারতের রাষ্ট্রপতি হলেন কেন্দ্রশাসিত এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলসমূহের প্রধান প্রশাসক।

❑ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর সর্বাধিনায়ক কে ?

উত্তর: ভারতের রাষ্ট্রপতি হলেন ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর সর্বাধিনায়ক।

❑ভারতের রাষ্ট্রপতি পার্লামেন্টে কত সদস্যকে মনোনীত করতে পারেন ?

উত্তর: ভারতের রাষ্ট্রপতি পার্লামেন্টে ১৪ জন সদস্যকে মনোনীত করতে পারেন।

❑কত নং ধারায় ভারতের রাষ্ট্রপতি মৃত্যুদন্ডাজ্ঞাপ্রাপ্ত অপরাধীকে ক্ষমা প্রদর্শন করতে পারেন ?

উত্তর: সংবিধানের ৭২ নং ধারায় ভারতের রাষ্ট্রপতি মৃত্যুদন্ডাজ্ঞাপ্রাপ্ত অপরাধীকে ক্ষমা প্রদর্শন করতে পারেন।

❑সংবিধানের কত নং ধারায় সংবিধানকে রক্ষা করার জন্য রাষ্ট্রপতিকে শপথ গ্রহণ করতে হয় ?

উত্তর: সংবিধানের ৬০নং ধারায় সংবিধানকে রক্ষা করার জন্য রাষ্ট্রপতিকে শপথ গ্রহণ করতে হয়।

❑উপরাষ্ট্রপতির প্রধান কাজ কী?

উত্তর: উপরাষ্ট্রপতির প্রধান কাজ হল রাজ্যসভায় সভাপতিত্ব করা।

❑তত্ত্বগতভাবে ভারতের প্রথম নাগরিক কে ?

উত্তর: ভারতের রাষ্ট্রপতি তত্ত্বগতভাবে ভারতের প্রথম নাগরিক।

❑তত্ত্বগতভাবে ভারতের দ্বিতীয় নাগরিক কে?

উত্তর: তত্ত্বগতভাবে ভারতের দ্বিতীয় নাগরিক ভারতের উপরাষ্ট্রপতি।

❑কত নং ধারা অনুসারে ভারতের রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীকে নিয়োগ করেন ?

উত্তর: সংবিধানের ৭৫(১)নং ধারা অনুসারে ভারতের রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীকে নিয়োগ করেন।

❑ 'মার্কিন রাষ্ট্রপতির সঙেগ ভারতের রাষ্ট্রপতির কেবল নামে মিল, ক্ষমতার বিচারে কোনো , সাদৃশ্য নেই' -কে বলেছেন?

উত্তর: ড. আম্বেদকর বলেছেন 'মার্কিন রাষ্ট্রপতির সঙ্গে ভারতের রাষ্ট্রপতির কেবল নামে মিল, ক্ষমতার বিচারে কোনো সাদৃশ্য নেই'।

## ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার ও কর্তব্য

❑ 'আইনের দৃষ্টিতে সাম্য' নীতিটি কোন দেশের অনুকরণে রচিত ?

উত্তর: 'আইনের দৃষ্টিতে সাম্য' নীতিটি ব্রিটেনের অনুকরণে রচিত।

❑কত নং ধারায় সংবিধান সংশোধন পদ্ধতি বর্ণিত হয়েছে ?

উত্তর: সংবিধান সংশোধন পদ্ধতি ২০ অনুচ্ছেদের ৩৬৮ নং ধারায় বর্ণিত হয়েছে।

❑কে মৌলিক অধিকার বলবৎ করতে পারে ?

উত্তর: ভারতের সুপ্রিমকোর্ট এবং হাইকোর্ট মৌলিক অধিকার বলবৎ করতে পারে।

❑সংবিধানের কত নং ধারায় 'শোষণের বিরুদ্ধে অধিকার'-এর কথা উল্লেখ আছে?

উত্তর: সংবিধানের ২৪ নং ধারায় 'শোষণের বিরুদ্ধে অধিকার' এর কথা উল্লেখ আছে।

❑ভারতীয় সংবিধানের কত নং ধারায় ভোটাধিকার স্বীকৃতি লাভ করে ?

উত্তর: ভারতীয় সংবিধানের ৩২৬ নং ধারায় ভোটাধিকার স্বীকৃতি লাভ করে।

❑ভারতীয় সংবিধানে 'সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার' কী ধরনের অধিকার ?


Download From: www.swapno.in Facebook Page: PDF World

উত্তর: ভারতীয় সংবিধানে 'সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার' একটি স্বীকৃত মৌলিক অধিকার।

❑ভারতীয় সংবিধানের কোন অংশে নাগরিকদের মৌলিক কর্তব্য লিপিবদ্ধ আছে ?
উত্তর: ভারতীয় সংবিধানের ৪র্থ অংশে নাগরিকদের মৌলিক কর্তব্য লিপিবদ্ধ আছে।

❑ভারতীয় সংবিধানের কোন্ অংশে নাগরিকদের মৌলিক অধিকার লিপিবদ্ধ আছে?
উত্তর: ভারতীয় সংবিধানের তৃতীয় অংশে নাগরিকদের মৌলিক অধিকার লিপিবদ্ধ আছে।

❑কর্মের অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: কর্মের অধিকার একটি অর্থনৈতিক অধিকার।

❑বর্তমানে ভারতীয় সংবিধানে কটি নির্দেশমূলক নীতির উল্লেখ আছে ?
উত্তর: বর্তমানে ভারতীয় সংবিধানে ১৭টি নির্দেশমূলক নীতির উল্লেখ আছে।

❑ভারতীয় সংবিধানের কত নং ধারায় 'ধর্মীয় স্বাধীনতার অধিকার' উল্লেখ করা হয়েছে ?
উত্তর: ভারতীয় সংবিধানের ২৫- ২৮ নং ধারায় 'ধর্মীয় স্বাধীনতার অধিকার' উল্লেখ করা হয়েছে।

❑ভারতীয় সংবিধানে মোট কটি ধারায় মৌলিক অধিকারগুলি লিপিবদ্ধ আছে ?
উত্তর: ভারতীয় সংবিধানে মোট ২০টি ধারায় মৌলিক অধিকারগুলি লিপিবদ্ধ আছে ।

❑সম্পত্তির অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: সম্পত্তির অধিকার একটি পৌর বা ব্যক্তিগত অধিকার।

❑কত তম সংবিধান সংশোধনীতে মৌলিক কর্তব্যগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে ?
উত্তর: ৪২তম সংবিধান সংশোধনীতে মৌলিক কর্তব্যগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে।

❑নির্দেশমূলক নীতির মূল বিষয় কী ?
উত্তর: 'অর্থনৈতিক ও সামাজিক অধিকার' হল নির্দেশমূলক নীতির মূল বিষয়।

❑কত তম সংবিধান সংশোধনীতে সম্পত্তির অধিকারকে মৌলিক অধিকার থেকে বাদ দেওয়া হয়েছে ?
উত্তর: সম্পত্তির অধিকারকে ৪৪তম সংবিধান সংশোধনীতে মৌলিক অধিকার থেকে বাদ দেওয়া হয়েছে।

❑ভারতীয় সংবিধানের কত নং ধারায় ৬টি স্বাধীনতার অধিকার বর্ণিত হয়েছে ?
উত্তর: ভারতীয় সংবিধানের ১৯ নং ধারায় ৬টি স্বাধীনতার অধিকার বর্ণিত হয়েছে।

❑শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার ভারতীয় সংবিধান কর্তৃক সংরক্ষিত একটি মৌলিক অধিকার।

❑ভারত কী ধরনের রাষ্ট্র ?
উত্তর: ভারত একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র।

❑ভারতীয় সংবিধানের কোথায় পঞ্চায়েত ব্যবস্থা গঠনের কথা বলা হয়েছে ?
উত্তর: ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতিতে পঞ্চায়েত ব্যবস্থা গঠনের কথা বলা হয়েছে।

❑রাষ্ট্রের নির্দেশমূলক নীতির উদ্দেশ্য কী ?
উত্তর: রাষ্ট্রের নির্দেশমূলক নীতির উদ্দেশ্য হল একটি জনকল্যাণকর রাষ্ট্র গঠন করা।

❑ভারতীয় সংবিধানের ধর্মের অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: ভারতীয় সংবিধানে ধর্মের অধিকার একটি মৌলিক অধিকার।

❑ভারতীয় সংবিধানের মৌলিক কর্তব্যসমূহ কার সঙ্গে যুক্ত ?

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

উত্তর: ভারতীয় সংবিধানের মৌলিক কর্তব্যসমূহ নির্দেশমূলক নীতির সঙ্গে যুক্ত।

❑বাকস্বাধীনতার অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: বাকস্বাধীনতার অধিকার একটি রাজনৈতিক অধিকার।

❑ভারতীয়দের মৌলিক অধিকারগুলি কে রক্ষা করে ?
উত্তর: ভারতীয়দের মৌলিক অধিকারগুলি সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট উভয়েই রক্ষা করে।

❑বর্তমানে ভারতীয় সংবিধানে সংরক্ষিত মৌলিক অধিকারগুলির সংখ্যা কটি ?
উত্তর: বর্তমানে ভারতীয় সংবিধানে সংরক্ষিত মৌলিক অধিকারগুলির সংখ্যা ৬টি।

❑বর্তমানে ভারতীয় নাগরিকদের কয়টি মৌলিক কর্তব্য রয়েছে?
উত্তর: বর্তমানে ভারতীয় নাগরিকদের ১০টি মৌলিক কর্তব্য রয়েছে।

❑ভারতের বর্তমান সংবিধানে সম্পত্তির অধিকার কী ধরনের অধিকার ?
উত্তর: ভারতের বর্তমান সংবিধানে সম্পত্তির অধিকার একটি বিধিবদ্ধ অধিকার।

❑সংবিধানের কততম সংশোধনের মাধ্যমে মৌলিক কর্তব্য ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত করা হয়েছে ?
উত্তর: সংবিধানের ৪২তম সংশোধনের মাধ্যমে মৌলিক কর্তব্য ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত করা হয়েছে।

❑ভারতীয় সংবিধানের কোন ধারাগুলিতে মৌলিক অধিকার লিপিবদ্ধ করা হয়েছে?
উত্তর: ভারতীয় সংবিধানের ১২- ৩৫ নং ধারায় মৌলিক অধিকার লিপিবদ্ধ করা হয়েছে।

❑ভারতীয় সংবিধানের কত নং ধারায় শিক্ষার অধিকারকে মৌলিক অধিকারের মর্যাদা প্রদান করা হয়েছে?
উত্তর: ভারতীয় সংবিধানের ২০ (ক) নং ধারায় শিক্ষার অধিকারকে মৌলিক অধিকারের মর্যাদা প্রদান করা হয়েছে।

❑ "Our Constitution" গ্রন্থটির রচয়িতা কে ?
উত্তর: "Our Constitution" গ্রন্থটি রচনা করেন সুভাষ কাশ্যপ।

❑ "Introduction to the Constitution of India" গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: "Introduction to the Constitution of India" গ্রন্থটি রচনা করেন দুর্গাদাস বসু।

❑কত খ্রিস্টাব্দে অদৃশ্যতা অপরাধ আইন প্রণীত হয়?
উত্তর: ১৯৫৫ খ্রিস্টব্দে অদৃশ্যতা অপরাধ আইন প্রণীত হয়।

❑মূল সংবিধানে কটি মৌলিক অধিকার?
উত্তর: মূল সংবিধানে ৭টি মৌলিক অধিকার ছিল।

❑কত নং ধারা অনুযায়ী সুপ্রিমকোর্ট লেখ (Writ) জারি করতে পারে?
উত্তর: ৩২ নং ধারা অনুযায়ী সুপ্রিমকোর্ট লেখ (Writ) জারি করতে পারে ।

❑কত নং ধারা অনুযায়ী হাইকোর্ট লেখ (writ) জারি করতে পারে?
উত্তর: ২২৬ নং ধারা অনুযায়ী হাইকোর্ট লেখ (Writ) জারি করতে পারে।

❑ভারতীয় সংবিধানে কত নং ধারায় অস্পৃশ্যতা নিষিদ্ধ করা হয়েছে?
উত্তর: ভারতীয় সংবিধানে ১৭ নং ধারায় অস্পৃশ্যতা নিষিদ্ধ করা হয়েছে।

❑কয়েকটি নিবর্তনমূলক আটক আইনের নাম উল্লেখ করো।
উত্তর: কয়েকটি নিবর্তনমূলক আটক আইনের নাম হল মিশা, নাসা, 'এসমা, পোটা প্রভৃতি।

❑ভারতীয় সংবিধানের ৩০ নং ধারায় কী উল্লেখ করা হয়েছে ?
উত্তর: ভারতীয় সংবিধানের ৩০ নং ধারায় ধর্মীয় ও ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়গুলি নিজস্ব পছন্দমতো শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করার অধিকার স্বীকৃত হয়েছে।

❑ 'পরস্পরের প্রয়োজনে সম্পর্কে নৈতিক চেতনাসম্পন্ন সমাজ ছাড়া অধিকারের অস্তিত্ব থাকতে পারে না'—কে একথা বলেছেন ?
উত্তর: পরস্পরের প্রয়োজনে সম্পর্কে নৈতিক চেতনাসম্পন্ন সমাজ ছাড়া অধিকারের অস্তিত্ব থাকতে পারে না—একথা বলেছেন গ্রিন।

❑ 'সুন্দর জীবনের জন্য অবকাশ অপরিহার্য' কে বলেছেন?
উত্তর: 'সুন্দর জীবনের জন্য অবকাশ অপরিহার্য', বলেছেন বিখ্যাত গ্রিক দার্শনিক অ্যারিস্টটল।

## ভারতের দলব্যবস্থা

❑ভারতে কার তত্ত্বাবধানে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ?
উত্তর: ভারতে নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়।

❑কে ভারতবর্ষে রাজনৈতিক দলগুলিকে স্বীকৃতি দেয়?
উত্তর: নির্বাচন কমিশন ভারতবর্ষে রাজনৈতিক দলগুলিকে স্বীকৃতি দেয়।

❑ভারতের জাতীয় কংগ্রেস কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর: ভারতের জাতীয় কংগ্রেস ১৮৮৫ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়।

❑ভারতীয় জনতা পার্টি কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর: ভারতীয় জনতা পার্টি ১৯৮০ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়।

❑কত খ্রিস্টাব্দে ভারতীয় সংবিধানে দলীয় ব্যবস্থা স্বীকৃতি পায় ?
উত্তর: ১৯৮৫ খ্রিস্টাব্দে ভারতীয় সংবিধানে দলীয় ব্যবস্থা স্বীকৃতি পায়।

❑কে ফরওয়ার্ড ব্লক দল গঠন করেন?
উত্তর: বিশিষ্ট জাতীয়তাবাদী নেতা সুভাষচন্দ্র বসু ফরওয়ার্ড ব্লক দল গঠন করেন।

❑ফ্রান্সে কী ধরনের দলীয় ব্যবস্থা আছে?
উত্তর: ফ্রান্সে বহুদলীয় রাজনৈতিক ব্যবস্থা আছে।

❑গ্রেট ব্রিটেনে কী ধরনের দলীয় ব্যবস্থা বর্তমান?
উত্তর: গ্রেট ব্রিটেনে সুস্পষ্ট দ্বিদলীয় ব্যবস্থা বর্তমান।

❑সর্বপ্রথম কোথায় দলপ্রথার উদ্ভব ঘটে?
উত্তর: ইংল্যান্ডে সর্বপ্রথম দলপ্রথার উদ্ভব ঘটে।

❑মার্কিন যুক্তরাষ্ট্রে কী ধরনের শাসনব্যবস্থা বর্তমান ?
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রে দ্বিদলীয় শাসনব্যবস্থা বর্তমান।

❑এখন পর্যন্ত ভারতে কটি লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হয় ?
উত্তর: এখন পর্যন্ত ভারতে ১৭টি লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হয়।

❑কংগ্রেস দলের কেন্দ্রীয় কমিটি কী নামে পরিচিত ?
উত্তর: কংগ্রেস দলের কেন্দ্রীয় কমিটি AICC নামে পরিচিত।

❑ব্রিটেনের শাসনব্যবস্থায় কী ধরনের দলীয় ব্যবথা আছে?
উত্তর: ব্রিটেনের শাসনব্যবস্থায় দ্বিদলীয় ব্যবস্থা বর্তমান।

❑সমাজতান্ত্রিক রাষ্ট্রে সাধারণত কয়টি দল থাকে ?
উত্তর: সমাজতান্ত্রিক রাষ্ট্রে সাধারণত একটি দল থাকে।

❑কত খ্রিস্টাব্দে ভারতের কমিউনিস্ট পার্টি ভাগ হয় ?
উত্তর: ১৯৬৪ খ্রিস্টাব্দে ভারতের কমিউনিস্ট পার্টি ভাগ হয়।

❑বহু দল সমর্থিত সরকারকে কী ধরনের সরকার বলা হয়?
উত্তর: বহুদল সমর্থিত সরকারকে কোয়ালিশন সরকার বলা হয়।

❑কী ধরনের দলীয় ব্যবস্থায় রাজনীতি পরিচ্ছন্ন হয় ?
উত্তর: দ্বিদলীয় ব্যবস্থায় রাজনীতি পরিচ্ছন্ন হয়।


Download From: www.swapno.in Facebook Page: PDF World

❑দ্বিদলীয় ব্যবস্থা প্রচলিত আছে এমন দুটি দেশের নাম উল্লেখ করো।
উত্তর: দ্বিদলীয় ব্যবস্থা প্রচলিত আছে এমন দুটি দেশের নাম হল ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্র।

❑ভারতের তেলেগুদেশম পার্টি কী ধরনের দল ?
উত্তর: ভারতের তেলেগুদেশম পার্টি একটি আঞ্চলিক দল।

❑ভারতের জাতীয় কংগ্রেস কী ধরনের দল ?
উত্তর: ভারতের জাতীয় কংগ্রেস একটি জাতীয় দল।

❑ভারতে কী ধরনের দলীয় ব্যবস্থা প্রচলিত আছে?
উত্তর: ভারতে বহুদলীয় ব্যবস্থা প্রচলিত আছে।

❑দ্বিদলীয় ব্যবথা বলতে কী বোঝ?
উত্তর: দ্বিদলীয় ব্যবস্থা বলতে এমন একটি গণতান্ত্রিক শাসনব্যবস্থা বোঝায় যেখানে দুটি রাজনৈতিক দল দেশের শাসনব্যবস্থায় প্রধান ভূমিকা গ্রহণ করে।

❑জনমত বলতে কী বোঝ ?
উত্তর: জনমত বলতে বোঝায় গুরুত্বপূর্ণ সামাজিক ও রাজনৈতিক সম্পর্কে সমস্যা সম্পর্কে সুদৃঢ় অভিমত।

❑ইংল্যান্ডের প্রাচীন দুটি রাজনৈতিক দলের নাম উল্লেখ করো।
উত্তর: ইংল্যান্ডের প্রাচীন দুটি রাজনৈতিক দলের নাম হল হুইগ (Whig) এবং (Tory)।

❑মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাচীন দুটি রাজনৈতিক দলের নাম উল্লেখ করো।
উত্তর: মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাচীন দুটি রাজনৈতিক দলের নাম হল রিপাবলিকান (Republican) এবং ডেমোক্র্যাট (Democrat)।

❑কয়েকটি স্থানীয় দলের নাম উল্লেখ করো।
উত্তর: কয়েকটি স্থানীয় দলের নাম হল—ত্রিপুরা উপজাতি সমিতি, মিজো ন্যাশনাল ফ্রন্ট, দার্জিলিং- এ জি. এন. এল. এফ।

❑ভারতের কমিউনিস্ট পার্টি কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর: ১৯২০ খ্রিস্টাব্দে ভারতের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়।

❑কত খ্রিস্টাব্দে ফরওয়ার্ড ব্লক প্রতিষ্ঠিত হয়?
উত্তর: ১৯৩৯ খ্রিস্টাব্দে ফরওয়ার্ড ব্লক প্রতিষ্ঠিত হয়।

❑কোন দেশে ভারতের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়?
উত্তর: ভারতের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয় সোভিয়েত ইউনিয়নের তাসখন্দে।

❑কত তম সংবিধান সংশোধনীতে রাজনৈতিক দলীয় ব্যবস্থা সাংবিধানিক স্বীকৃতি লাভ করে ?
উত্তর: ৫২তম সংবিধান সংশোধনীতে রাজনৈতিক দলীয় ব্যবস্থা সাংবিধানিক স্বীকৃতি লাভ করে।

❑ 'কাস্ট ইন ইন্ডিয়ান পলিটিকস' গ্রন্থটির লেখক কে ?
উত্তর: 'কাস্ট ইন ইন্ডিয়ান পলিটিকস' গ্রন্থটির লেখক হলেন অধ্যাপক রজনি কোঠারি।

## নির্বাচন কমিশন গঠন ও কার্যাবলী

❑ভারতে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের দায়িত্ব পালন করেন কে?
উত্তর: ভারতে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের দায়িত্ব পালন করেন নির্বাচন কমিশন।

❑ভারতীয় সংবিধানের কোন ধারায় নির্বাচন কমিশন গঠনের কথা বলা হয়েছে?
উত্তর: ভারতীয় সংবিধানের ৩২৪ নং ধারায় নির্বাচন কমিশন গঠনের কথা বলা হয়েছে।

❑কে মুখ্য নির্বাচন কমিশনারকে নিয়োগ করেন ?
উত্তর: ভারতের রাষ্ট্রপতি মুখ্য নির্বাচন কমিশনারকে নিয়োগ করেন।

❑কে আঞ্চলিক নিব্ৰাচন কমিশনারদের নিয়োগ করেন ?
উত্তর: ভারতের রাষ্ট্রপতি আঞ্চলিক নির্বাচন কমিশনারদের নিয়োগ করেন।

 Download From: www.swapno.in Facebook Page: PDF World

কতজন কমিশনার নিয়ে নির্বাচন কমিশন গঠিত হয় ?
উত্তর: ৩ জন কমিশনার নিয়ে নির্বাচন কমিশন গঠিত হয়।

❑কে ভারতের মুখ্য নির্বাচন কমিশনারকে পদচ্যুত করেন?
উত্তর: ভারতের রাষ্ট্রপতি মুখ্য নির্বাচন কমিশনারকে পদচ্যুত করেন।

❑নির্বাচন কমিশনের অন্যান্য সদস্য এবং আঞ্চলিক নি্বৰাচন কমিশনারদের কার সুপারিশে পদচ্যুত করা হয় ?
উত্তর: মুখ্য নির্বাচন কমিশনারের সুপারিশে নির্বাচন কমিশনের অন্যান্য সদস্য এবং আঞ্চলিক নির্বাচন কমিশনারদের পদচ্যুত করা হয়।

❑কত বছরের জন্য মুখ্য নির্বাচন কমিশনার নিযুক্ত হন?
উত্তর: ৬ বছরের জন্য মুখ্য নির্বাচন কমিশনার নিযুক্ত হন।

❑ভারতীয় নাগরিকগণ কত বছর বয়সে ভোটাধিকার লাভ করেন?
উত্তর: ভারতীয় নাগরিকগণ ১৮ বছর বয়সে ভোটাধিকার লাভ করেন।

❑কত খ্রিস্টাব্দে সুইজারল্যান্ডে নারীদের ভোটাধিকার স্বীকৃতি লাভ করে?
উত্তর: ১৯৭১ খ্রিস্টাব্দে সুইজারল্যান্ডে নারীদের ভোটাধিকার স্বীকৃতি লাভ করে।

❑ভারতে বিদেশিরা কি ভোটাধিকার পেয়ে থাকেন ?
উত্তর: ভারতে বিদেশিরা ভোটাধিকার পান না।

❑সর্বজনীন ভোটাধিকারের পূর্বে সর্বজনীন শিক্ষা প্রবর্তনের প্রয়োজন'-উক্তিটি কার?
উত্তর: জে.এস. মিল বলেছেন, সর্বজনীন ভোটাধিকারের পূর্বে সর্বজনীন শিক্ষা প্রবর্তনের প্রয়োজন' ।

❑ভারতীয় সংবিধানে কি দেউলিয়া ও বিকৃত মস্তিষ্কের ব্যক্তিদের ভোটাধিকার আছে?
উত্তর: ভারতীয় সংবিধানে দেউলিয়া ও বিকৃত মস্তিষ্কের ব্যক্তিদের ভোটাধিকার নেই।

❑ভারতীয় সংবিধানে সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকার কি স্বীকৃত ?
উত্তর: ভারতীয় সংবিধানে সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকার স্বীকৃত।

❑ভারতীয় সংবিধানে নারীদের কি ভোটাধিকার স্বীকৃত?
উত্তর: ভারতীয় সংবিধানে নারীদের ভোটাধিকার স্বীকৃত।

❑ভারতে কার তত্ত্বাবধানে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ?
উত্তর: ভারতে নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়।

❑সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ফলে কি সাম্যনীতি প্রতিষ্ঠিত হয় ?
উত্তর: সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ফলে সাম্যনীতি প্রতিষ্ঠিত হয় না।

❑জাতি- ধর্ম- বর্ণ নির্বিশেষে প্রত্যেক মানুষের কী ভোটাধিকার বাঞ্ছনীয় ?
উত্তর: জাতি- ধর্ম- বর্ণ নির্বিশেষে প্রত্যেক মানুষের ভোটাধিকার থাকা উচিত।

❑ 'নারী জাতি ভোটাধিকারের অপপ্রয়োগ ঘটায়'।— উক্তিটি কার?
উত্তর: জন স্টুয়ার্ট মিল বলেছেন,– 'নারী জাতি ভোটাধিকারের অপপ্রয়োগ ঘটায়।'

❑গ্রেট ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রে কি প্রাপ্তবয়স্কের ভোটাধিকার স্বীকৃত ?
উত্তর: গ্রেট ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রে প্রাপ্তবয়স্কের ভোটাধিকার স্বীকৃত।

❑কে নির্বাচন কমিশনের সদস্য সংখ্যা স্থির করেন ?
উত্তর: ভারতের রাষ্ট্রপতি নির্বাচন কমিশনের সদস্য সংখ্যা স্থির করেন।

❑রাজনৈতিক দলকে নির্বাচন প্রতীক বিতরণ করে কে ?

উত্তর: নির্বাচন কমিশন রাজনৈতিক দলকে নির্বাচন প্রতীক বিতরণ করে।

❑সংবিধানের কত নং ধারায় ১৮ বছর বয়স্ক প্রত্যেক নাগরিকের ভোটাধিকার স্বীকৃত হয়?
উত্তর: সংবিধানের ৩২৬ নং ধারায় ১৮ বছর বয়স্ক প্রত্যেক নাগরিকের ভোটাধিকার স্বীকৃত হয়।

❑মূল সংবিধানে নাগরিকদের ভোটাধিকারের বয়স কত ছিল ?
উত্তর: মূল সংবিধানে নাগরিকদের ভোটাধিকারের বয়স ছিল ২১ বছর।

❑কত খ্রিস্টাব্দে এবং কততম সংবিধান সংশোধনীতে নাগরিকদের ভোট দানের অধিকারের বয়স ২১ বছর থেকে কমিয়ে ১৮ বছর করা হয়েছে?
উত্তর: ১৯৮৯ খ্রিস্টাব্দে ৬২তম সংবিধান সংশোধনীতে নাগরিকদের ভোটদানের অধিকারের বয়স ২১ বছর থেকে কমিয়ে ১৮ বছর করা হয়েছে।

❑ভারতে প্রথম সাধারণ নির্বাচন কত খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয় ?
উত্তর: ভারতে প্রথম সাধারণ নির্বাচন ১৯৫২ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয়।

❑ "State and Politics in India" গ্রন্থটি কার রচনা?
উত্তর: "State and Politics in India" গ্রন্থটি রচনা করেন প্রখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী পার্থ চট্টোপাধ্যায়।

❑কত নং ধারায় বলা হয় নির্বাচন সংক্রান্ত সকল ক্ষমতার অধিকারী হল নির্বাচন কমিশন ?
উত্তর: সংবিধানের ৩২৪ নং ধারায় বলা হয় নির্বাচন সংক্রান্ত সকল ক্ষমতার অধিকারী হল নির্বাচন কমিশন।

❑সংবিধানের কত নং ধারায় নির্বাচন কমিশনের গঠন আলোচনা করা হয় ?
উত্তর: সংবিধানের ৩২৪ (২) নং ধারায় নির্বাচন কমিশনের গঠন আলোচনা করা হয়।

❑সংবিধানের কোন কোন ধারায় রাষ্ট্রপতি নির্বাচনের বিধি আলোচনা করা হয়?
উত্তর: সংবিধানের ৫৪ এবং ৫৫ নং ধারায় রাষ্ট্রপতি নির্বাচনের বিধি আলোচনা করা হয়।

❑মার্কিন যুক্তরাষ্ট্রে কত খ্রিস্টাব্দে নারীরা ভোটাধিকার লাভ করে?
উত্তর:মার্কিন যুক্তরাষ্ট্রে ১৯১৯ খ্রিস্টাব্দে নারীরা ভোটাধিকার লাভ করে।

❑ব্রিটেনে কত খ্রিস্টাব্দে নারীরা ভোটাধিকার লাভ করে?
উত্তর:ব্রিটেনে ১৯২৮ খ্রিস্টাব্দে নারীরা ভোটাধিকার লাভ করে।

❑ফ্রান্সে কত খ্রিস্টাব্দে নারীরা ভোটাধিকার লাভ করে?
উত্তর: ফ্রান্সে ১৯৪৫ খ্রিস্টাব্দে নারীরা ভোটাধিকার লাভ করে।

যেকোনো চাকরীর পরীক্ষা
এবং যেকোনো বিষয়ের
স্টাডি ম্যাটেরিয়াল
বিনামূল্যে
পাওয়ার জন্য আমাদের
সাইট ভিজিট করুনঃ
www.swapno.in

সফলতার স্বপ্ন
যে স্বপ্ন সবাই দেখে প্রতিনিয়ত